

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/২ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর ৫০/আইন/২০২৩।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “অধিদপ্তর” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২ এর দফা (ক) এ সংজ্ঞায়িত অধিদপ্তর;
- (২) “আইন” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);
- (৩) “আপিল কর্তৃপক্ষ” অর্থ বিধি ২৮ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত আপিল কর্তৃপক্ষ;
- (৪) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;

( ৩০০৯ )

মূল্য : টাকা ৮৮.০০

- (৫) “তালিকাভুক্ত পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ” অর্থ বিধি ৩৭ এর অধীন তালিকাভুক্ত পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ;
- (৬) “পরিবেশগত প্রভাব নিরূপণ (Environmental Impact Assessment)” অর্থ কোনো প্রস্তাবিত প্রকল্প বা কার্যক্রমের সম্ভাব্য পরিবেশগত প্রভাব চিহ্নিতকরণ, পূর্ব-অনুমান ও মূল্যায়নের সুসংগঠিত প্রক্রিয়া;
- (৭) “পরিবেশগত ছাড়পত্র কমিটি” অর্থ বিধি ২৪ এর অধীন গঠিত কোনো পরিবেশগত ছাড়পত্র কমিটি;
- (৮) “পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা” অর্থ পরিবেশগত প্রভাব প্রশমন ও ব্যবস্থাপনা সংক্রান্ত পরিকল্পনা;
- (৯) “প্রাথমিক পরিবেশগত সমীক্ষা” অর্থ পরিবেশগত প্রভাব নিরূপণের লক্ষ্যে প্রাথমিক সমীক্ষা;
- (১০) “মহাপরিচালক” অর্থ অধিদপ্তরের মহাপরিচালক; এবং
- (১১) “স্থিতিগ্রাম” অর্থ কোনো ভৌত, রাসায়নিক, বায়োলজিক্যাল বা অন্য কোনো পরিমাপযোগ্য বৈশিষ্ট্য যাহা পরিবেশের গুণগতমানের নির্ধারক।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। পরিবেশ দূষণ বা অবক্ষয়জনিত ক্ষতি প্রতিকারের আবেদন ও প্রতিকার।—(১) আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত কারণে ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত যে কোনো ব্যক্তি উক্ত ক্ষতি বা সম্ভাব্য ক্ষতির প্রতিকারের জন্য ফরম-১ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক গণশুনানিসহ অন্য কোনো ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উহা নিষ্পত্তি করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করা সম্ভব না হইলে মহাপরিচালক কারণ উল্লেখপূর্বক উক্ত সময়সীমা অনধিক ১৫ (পনেরো) কার্যদিবস বৃদ্ধি করিতে পারিবেন।

৪। নমুনা সংগ্রহের নোটিশ।—(১) আইনের ধারা ১১ এর বিধান মোতাবেক মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক বায়ু, পানি, মাটি বা অন্যাবিধ পদার্থের নমুনা বিশ্লেষণের উদ্দেশ্যে গ্রহণ করিতে চাহিলে সংশ্লিষ্ট কারখানা, প্রাঙ্গন বা স্থানের মালিক, দখলদার বা এজেন্টকে ফরম-২ অনুযায়ী নোটিশ প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নমুনা সংগ্রহের ক্ষেত্রে আইনের ধারা ১১ এর উপ-ধারা (৩) ও (৪) এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

৫। অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের শ্রেণিবিন্যাস।—(১) অধিদপ্তর কর্তৃক অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ব্যাপ্তি ও উহা হইতে সৃষ্টি সম্ভাব্য দূষণের পরিধি, মাত্রা এবং পরিবেশ ও মানব স্বাস্থ্যের উপর সম্ভাব্য ক্ষতিকর প্রভাব বিবেচনা করিয়া শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ নিম্নবর্ণিত শ্রেণিতে বিভক্ত হইবে, যথা :—

- (ক) সবুজ;
- (খ) হলুদ;
- (গ) কমলা; এবং
- (ঘ) লাল।

#### **ব্যাখ্যা।—**

- (ক) সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প বলিতে এইরূপ সকল শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পকে বুঝাইবে যাহার পরিবেশ এবং মানব স্বাস্থ্যের উপর তুলনামূলকভাবে খুব কম প্রভাব রাখিয়াছে এবং উক্ত শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশ দূষণ প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের সুযোগ রাখিয়াছে;
- (খ) হলুদ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প বলিতে এইরূপ সকল শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পকে বুঝাইবে যাহার পরিবেশ এবং মানব স্বাস্থ্যের উপর মধ্যম মাত্রায় প্রভাব রাখিয়াছে এবং উক্ত প্রভাব পরিহার করিবার জন্য এই শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশ দূষণ প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এই শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশগত প্রভাব হাস করা আবশ্যিক; এবং
- (গ) কমলা শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প বলিতে এইরূপ সকল শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পকে বুঝাইবে যাহার পরিবেশ এবং মানব স্বাস্থ্যের উপর যথেষ্ট প্রভাব রাখিয়াছে, যাহা পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে পরিহার করা প্রয়োজন এবং উপযুক্ত পরিবেশ দূষণ প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এই শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশগত প্রভাব হাস করিবার জন্য উল্লেখযোগ্য পরিবেশ দূষণ প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।
- (ঘ) লাল শ্রেণিভুক্ত বলিতে যে সকল শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশ এবং মানব স্বাস্থ্যের উপর তীব্র প্রভাব রাখিয়াছে যাহা পরিবেশ সংরক্ষণের জন্য উপযুক্ত মাত্রায় পরিহার করা প্রয়োজন এবং উক্ত শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশগত প্রভাব হাস করিবার জন্য উল্লেখযোগ্য পরিবেশ দূষণ প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বিভিন্ন শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের তালিকা তফসিল-১ অনুযায়ী নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, তফসিল-১ এ উল্লিখিত সবুজ, হলুদ, কমলা এবং লাল শ্রেণিতে অন্তর্ভুক্ত নহে এমন কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিকরণ তফসিল-১৪ অনুযায়ী হইবে।

৬। অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা।—(১) বিধি ৫ এ উল্লিখিত হলুদ, কমলা ও লাল শ্রেণির নৃতন শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং প্রকল্প গ্রহণের পূর্বে অধিদপ্তরের নিকট হইতে প্রথমে অবস্থানগত ছাড়পত্র ও পরবর্তীতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সবুজ শ্রেণির নৃতন শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও প্রকল্প গ্রহণের পূর্বে, উহা যেখানেই স্থাপন করা হউক না কেন, অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হইবে না, অধিদপ্তরের নিকট হইতে কেবল পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, সরকারি বা বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল বা বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের শিল্প নগরীতে স্থাপিতব্য সকল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হইবে না, অধিদপ্তরের নিকট হইতে কেবল পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(২) অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত হলুদ, কমলা ও লাল শ্রেণির কোনো শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্পের জন্য ভূমির উন্নয়ন বা এতদুদ্দেশ্যে কোনো প্রকার অবকাঠামো নির্মাণ করা যাইবে না।

(৩) অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে হলুদ, কমলা ও লাল শ্রেণির নৃতন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পে গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদান করা যাইবে না।

(৪) পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে সবুজ, হলুদ, কমলা ও লাল শ্রেণির নৃতন শিল্প প্রতিষ্ঠানে পরীক্ষামূলক উৎপাদন করা বা প্রকল্প চালু করা যাইবে না।

৭। অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিলের পদ্ধতি।—(১) যে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করা হইবে উহার অবস্থান, যদি—

- (ক) অধিদপ্তরের জেলা কার্যালয় রাহিয়াছে এমন কোনো জেলায় হয় তাহা হইলে আবেদন উক্ত জেলা কার্যালয়ে দাখিল করিতে হইবে;
- (খ) অধিদপ্তরের জেলা কার্যালয় নাই এমন কোনো জেলায় হয় তাহা হইলে আবেদন সংশ্লিষ্ট অধিক্ষেত্রাধীন জেলা কার্যালয়ে বা বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে;
- (গ) কোনো মহানগরে হয় তাহা হইলে আবেদন সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মহানগরের জন্য পৃথক কোনো কার্যালয় না থাকিলে আবেদন সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে দাখিল করিতে হইবে;

- (ঘ) একই বিভাগের আওতাভুক্ত একাধিক জেলায় হয় তাহা হইলে আবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে বা বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে; এবং
- (ঙ) একাধিক বিভাগে বিস্তৃত হয় তাহা হইলে আবেদন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে দাখিল করিতে হইবে।

(২) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্রের আবেদন অনলাইনে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে অনলাইনে আবেদন দাখিল করা সম্ভব না হইলে সরাসরি আবেদন দাখিল করা যাইবে।

(৩) মহাপরিচালক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য সংশ্লিষ্ট আবেদনসমূহের গতিবিধি পর্যবেক্ষণ করিবেন।

৮। অবস্থানগত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ—কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য অবস্থানগত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে নিয়ন্ত্রিত বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে, যথা:-

(ক) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরকারের কোনো উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা বা সিদ্ধান্তের পরিপন্থী কী না; এবং

(খ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের স্থান নির্বাচনের ক্ষেত্রে তফসিল-৯ এর নির্দেশিকা অনুসরণ করা হইয়াছে কী না।

৯। সবুজ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে পরিবেশগত ছাড়পত্র প্রদান পক্ষতি।—

(১) সবুজ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের জন্য ফরম-৩ অনুযায়ী প্রযোজ্য অংশ পূরণ করিয়া আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন করিবার ক্ষেত্রে তফসিল-৯ এর নির্দেশিকা অনুসরণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত সংশ্লিষ্ট দলিলপত্র, বিবরণ এবং তফসিল-৭ এ উল্লিখিত ফি জমা প্রদান করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়—

(ক) সরেজমিনে পরিদর্শনপূর্বক আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা করিয়া সতুষ্ট হইলে সংশ্লিষ্ট উদ্যোক্তার অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিবে; অথবা

(খ) আবেদনকারী পরিবেশগত ছাড়পত্র গ্রহণের অযোগ্য হইলে তাহার আবেদনটি নামঙ্গুর করিয়া উহার কারণ উল্লেখক্রমে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

১০। হলুদ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে অবস্থানগত ছাড়পত্র প্রদান পক্ষতি।—

(১) হলুদ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের জন্য ফরম-৩ অনুযায়ী প্রযোজ্য অংশ পূরণ করিয়া আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন করিবার ক্ষেত্রে তফসিল-৬ এ উল্লিখিত আবেদন প্রক্রিয়াকরণ ফি, সংশ্লিষ্ট দলিলপত্র, বিবরণ এবং তফসিল-৯ এর নির্দেশিকা অনুসরণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৮(আট) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা ও সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় সন্তুষ্ট হইলে আবেদনকারীকে তফসিল-৭ এ উল্লিখিত ফি জমা প্রদানের জন্য অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন অবহিত হইবার পর আবেদনকারী প্রযোজ্য ফি জমা প্রদান করিলে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদান করিতে হইবে।

(৬) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা ও সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় সন্তুষ্ট না হইলে আবেদনটি নামঙ্গুর করিয়া উহার কারণ উল্লেখক্রমে আবেদন প্রাপ্তির ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

১১। হলুদ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি।—

(১) অবস্থানগত ছাড়পত্র পাইবার পর হলুদ শ্রেণির সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে উহা চালু করিবার লক্ষ্যে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত আবেদন, পরিদর্শন প্রতিবেদন, অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলি প্রতিপালন, ইত্যাদি বিবেচনা করিয়া অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট উদ্যোক্তার অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিবে, অথবা সন্তুষ্ট না হইলে আবেদনটি নামঙ্গুর করিয়া উহার কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

১২। কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে অবস্থানগত ছাড়পত্র প্রদান পদ্ধতি।—

(১) কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের জন্য ফরম-৩ অনুযায়ী প্রযোজ্য অংশ পূরণ করিয়া আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন করিবার ক্ষেত্রে তফসিল-৬ এ উল্লিখিত আবেদন প্রক্রিয়াকরণ ফি, সংশ্লিষ্ট দলিলপত্র, বিবরণ, প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন এবং তফসিল-৯ এর প্রযোজ্য নির্দেশিকা অনুসরণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে।

(৪) অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় তফসিল-১ এর কমলা শ্রেণির ক্রমিক নং ১ (এক) হইতে ক্রমিক নং ৬২ (বাষটি) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে উপ-বিধি (৩) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদন আবেদনসহ প্রযোজ্য ক্ষেত্রে, আঞ্চলিক, বিভাগীয় বা মহানগর কার্যালয়ের সংশ্লিষ্ট পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে এবং উক্ত তফসিলের ক্রমিক নং ৬৩ (তেষটি) হইতে ক্রমিক নং ১১৩ (একশত তেরো) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে উক্ত প্রতিবেদন আবেদনসহ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে ও উহার অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে, আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবে।

(৫) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদনসহ সার্বিক দিক বিবেচনা করিয়া সংশ্লিষ্ট পরিবেশগত ছাড়পত্র কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৬) সংশ্লিষ্ট পরিবেশগত ছাড়পত্র কমিটি আবেদনকারীর অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে আবেদনকারীকে তফসিল-৭ এ উল্লিখিত ফি জমা প্রদানের জন্য অবহিত করিবে।

(৭) উপ-বিধি (১) অনুযায়ী আবেদন দাখিলের অনধিক ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, আবেদন নামঞ্চুর করা হইলে উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে নামঞ্চুরের সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১৩। কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি।—

(১) কমলা শ্রেণির সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগকারীকে অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প চালু করিবার উদ্দেশ্যে পরিবেশগত ছাড়পত্রের জন্য বিধি ৭ অনুযায়ী অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় প্রয়োজনবোধে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিন পরিদর্শনক্রমে অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলি প্রতিপালন ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করিয়া পরিবেশগত ছাড়পত্র প্রদান বা আবেদন নামঞ্চুর সংক্রান্ত বিষয়ে যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করিবে।

(৩) অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় তফসিল-১ এর কমলা শ্রেণির ক্রমিক নং ১ (এক) হইতে ক্রমিক নং ৬২ (বাষটি) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে উপ-বিধি (৯) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদন আবেদনসহ প্রযোজ্য ক্ষেত্রে, আঞ্চলিক, বিভাগীয় বা মহানগর কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে এবং উক্ত তফসিলের ক্রমিক নং ৬৩ (তেষটি) হইতে ক্রমিক নং ১১৩ (একশত তেরো) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে উক্ত প্রতিবেদন আবেদনসহ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে ও উহার অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে, আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন এবং উপ-বিধি (২) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদনসহ সার্বিক দিক বিবেচনা করিয়া সংশ্লিষ্ট পরিবেশগত ছাড়পত্র কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৫) উপ-বিধি (১) অনুযায়ী আবেদন দাখিলের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, আবেদন নামঙ্গুর করা হইলে উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে আবেদন নামঙ্গুরের সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৬) অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির নিকট কমলা শ্রেণির কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনাতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প কর্তৃক সৃষ্ট দৃষ্ট পরিবেশ ও মানব স্বাস্থ্যের উপর মারাত্মক প্রভাব ফেলিতে পারে তাহা হইলে কমিটি উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা পরিচালনার সুপারিশ করিতে পারিবে এবং মহাপরিচালক কর্তৃক উক্ত সুপারিশ অনুমোদনের পর সংশ্লিষ্ট উদ্যোগকে পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা পরিচালনা করিতে হইবে।

১৪। লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে অবস্থানগত ছাড়পত্র প্রদান পদ্ধতি।—(১) লাল শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগকে অবস্থানগত ছাড়পত্রের জন্য ফরম-৩ অনুযায়ী প্রযোজ্য অংশ পূরণ করিয়া অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন করিবার ক্ষেত্রে তফসিল-৬ এ উল্লিখিত আবেদন প্রক্রিয়াকরণ ফি, সংশ্লিষ্ট দলিলপত্র, বিবরণ, পরিবেশগত প্রভাব নিরূপণ এর খসড়া কার্যপরিধি (terms of reference) দাখিল করিতে হইবে এবং এবং তফসিল-৯ এ উল্লিখিত প্রযোজ্য নির্দেশিকা অনুসরণ করিতে হইবে।

(৩) পরিবেশগত প্রভাব নিরূপণ এর খসড়া কার্যপরিধি (terms of reference) তফসিল-১০ এ উল্লিখিত নির্দেশিকা অনুসারে প্রণয়ন করিতে হইবে।

(৪) আবেদন প্রাপ্তির পর অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রস্তাবিত স্থান সরেজমিনে পরিদর্শন এবং কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করিয়া অবস্থানগত ছাড়পত্র প্রদানের ঘোষিকতা সম্পর্কে অভিমতসহ একটি প্রতিবেদন এবং পরিবেশগত প্রভাব নিরূপণ এর খসড়া কার্যপরিধি (terms of reference) অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে ও উহার অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে, অঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন দলিলাদি প্রাপ্তির পর পরিবেশগত ছাড়পত্র কমিটি সকল বিষয়বস্তু মূল্যায়ন ও বিবেচনা করিয়া এতদসংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালকের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।

(৬) মহাপরিচালকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগকে আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় হইতে পরিবেশগত প্রভাব নিরূপণ এর খসড়া কার্যপরিধির (terms of reference) অনুমোদন প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো অতিরিক্ত তথ্য বা কাগজাদির প্রয়োজন হইলে আবেদনকারীকে অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা যাইবে:

আরও শর্ত থাকে যে, সার্বিক দিক পর্যালোচনাক্রমে আবেদনটি নামঙ্গুর করা হইলে উক্ত সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত করিতে হইবে।

**১৫। পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা।—**(১) লাল শ্রেণির কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা অধিদপ্তর কর্তৃক প্রশীলিত নির্দেশিকা অনুসারে তালিকাভুক্ত পরিবেশ বিষয়ক পরামর্শকের দ্বারা অনুমোদিত কার্যপরিধির ভিত্তিতে পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা পরিচালনা করিয়া পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন প্রস্তুত করিবে:

তবে শর্ত থাকে যে, যেসকল সেক্টরের জন্য অধিদপ্তরের পরিবেশগত প্রভাব নিরূপণ নির্দেশিকা নাই সেই সকল সেক্টরের পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা পরিচালনার জন্য কোনো আন্তর্জাতিক বা উন্নয়ন সহযোগী সংস্থার পরিবেশগত প্রভাব নিরূপণ নির্দেশিকা অনুসরণ করা যাইবে এবং এইক্ষেত্রে উহা সরকারের গৃহীত পরিকল্পনা, নীতিমালা বা সিদ্ধান্তের পরিপন্থি কিনা উহা বিবেচনা করিতে হইবে।

(২) তালিকাভুক্ত পরিবেশ বিষয়ক পরামর্শক পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহিত আলোচনাক্রমে স্বাধীন ও নিরপেক্ষভাবে তাহাদের কার্যক্রম সম্পাদন করিবেন:

তবে শর্ত থাকে যে, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা ও পরিবীক্ষণ কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে উদ্যোগ্তার সহিত আলোচনা ও পরামর্শ করা যাইবে।

(৩) তালিকাভুক্ত পরিবেশ বিষয়ক পরামর্শকগণ পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা প্রতিবেদন ও এই প্রতিবেদনের অংশ হিসাবে পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে তফসিল-১১ এ উল্লিখিত নির্দেশিকা অনুসরণ করিবেন।

(৪) লাল শ্রেণির কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম, পদক্ষেপ, পরিকল্পনাসমূহ বা পরিবীক্ষণ কর্মসূচিসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হইবে মর্মে সংশ্লিষ্ট উদ্যোগ্তাকে ফরম-৬ অনুযায়ী ঘোষণা প্রদান করিতে হইবে।

(৫) লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের উদ্যোগ্তাকে পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির নিকট দাখিল করিতে হইবে।

**১৬। পরিবেশগত প্রভাব নিরূপণের জন্য জনমত যাচাই।—**(১) লাল শ্রেণির কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে পরিবেশগত প্রভাব নিরূপণের অংশ হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে, প্রকল্পের বিষয় সংশ্লিষ্ট অংশীজন ও অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় জনমত যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বৃহদাকার ও বিশেষায়িত কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে কিংবা শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান একাধিক বিভাগে বিস্তৃত হইলে আঞ্চলিক বা জাতীয় পর্যায়ে জনমত যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(২) জনমত যাচাইয়ের জন্য শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগকে পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন ও এতদসংশ্লিষ্ট বাংলা সার-সংক্ষেপের ৩ (তিনি) টি সেটসহ সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে এবং উহার অনুলিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ জনমত যাচাইয়ের তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া বহুল প্রচারিত একটি স্থানীয় ও একটি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

(৪) জনমত যাচাই সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলি অধিদপ্তরের ওয়েবসাইট ও উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগার ওয়েবসাইটে, যদি থাকে, প্রচার করিতে হইবে।

(৫) পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) কার্যদিবস পর্যন্ত অধিদপ্তরের ওয়েবসাইটসহ সংশ্লিষ্ট কার্যালয়ে মতামত প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, খসড়া পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন প্রস্তুতের ৪৫ (পঁয়তালিশ) কার্যদিবসের মধ্যে জনমত যাচাই সম্পন্ন করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে জনমত যাচাই শেষ করা সম্ভব না হইলে অনধিক ১৫ (পনেরো) কার্যদিবস সময় বৃদ্ধি করা যাইবে।

(৬) জনমত যাচাই কার্যক্রমে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত এবং এতদ্বিষয়ে জান ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি, গোষ্ঠী ও প্রতিষ্ঠানকে যথাসম্ভব সম্পৃক্ত করিতে হইবে।

(৭) জনমত যাচাইয়ের সময় সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগকে নিম্নলিখিত তথ্যাদি উপস্থাপন করিতে হইবে, যথা :—

- (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক তথ্য;
- (খ) প্রকল্পের সম্ভাব্য সুফল;
- (গ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত প্রভাব ও প্রযোজ্য ক্ষেত্রে, সামাজিক প্রভাব;
- (ঘ) পরিবেশগত ও সামাজিক প্রভাব প্রশমনের উপায়সমূহ; এবং
- (ঙ) এতদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

(৮) জনমত যাচাই এর জন্য সভা আয়োজনের অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করিতে হইবে।

(৯) উপ-বিধি (৮) অনুযায়ী অনুমোদিত কার্যবিবরণী পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(১০) জনমত যাচাই প্রক্রিয়ায় প্রাপ্ত পরিবেশগত মতামতের আলোকে পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন এবং পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনায় প্রয়োজনীয় পরিবর্তন করিতে হইবে।

**১৭। পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন মূল্যায়ন।**—(১) বিধি ১৫ এর উপ-বিধি (১) অনুযায়ী পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের তথ্য ও উপাত্ত সংক্রান্ত বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে পরিবেশগত ছাড়পত্র কমিটির সভায় আমন্ত্রণ জানানো যাইবে।

(২) পরিবেশগত ছাড়পত্র কমিটি কর্তৃক প্রয়োজনীয় বলিয়া প্রতীয়মান হইলে পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের উপর সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থার নিকট হইতে মতামত চাহিতে পারিবে এবং সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত মতামত গ্রহণ করিতে হইবে।

(৩) পরিবেশগত ছাড়পত্র প্রদান কমিটি উহার সভায় সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত প্রভাব মূল্যায়নকালে নিম্নলিখিত বিষয়াবলি বিবেচনা করিবে, যথা :—

- (ক) নিরূপিত পরিবেশগত প্রভাব, প্রস্তাবিত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পরিবীক্ষণ কর্মসূচি;
- (খ) জনমত যাচাই করিয়া প্রাপ্ত মতামত এবং উক্ত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা;
- (গ) সংশ্লিষ্ট প্রকল্পের সম্ভাব্য বিকল্পসমূহ এবং প্রয়োজনে উক্ত প্রকল্পের প্রস্তাবিত সাইট সরেজমিন পরিদর্শন;
- (ঘ) প্রতিবেদনের তথ্য অপ্রতুল বলিয়া প্রতীয়মান হইলে অতিরিক্ত তথ্য প্রদানের জন্য অনুরোধ; এবং
- (ঙ) অবস্থানগত ছাড়পত্রের প্রতিপালনীয় শর্তসমূহ পর্যালোচনা।

(৪) পরিবেশগত ছাড়পত্র কমিটি পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের কার্যপরিধির শর্তানুসারে দাখিলকৃত অন্যান্য প্রতিবেদন যেমন, সামাজিক প্রভাব নিরূপণ প্রতিবেদন, দুর্ঘটনা ও দুর্ঘটনা মোকাবিলা সংক্রান্ত জরুরি পরিকল্পনা, ক্ষতিগ্রস্তদের স্থানান্তর ও পুনর্বাসন সংক্রান্ত পরিকল্পনা, ঝুঁকি নিরূপণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা পর্যালোচনা করিবে।

**১৮। পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন অনুমোদন।**—(১) অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটি, লাল শ্রেণির সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন প্রাপ্তির পর, নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিয়া সুপারিশসহ উহা অনুমোদনের জন্য মহাপরিচালকের নিকট প্রেরণ করিবে, যথা:-

- (ক) পরিবেশগত বা সামাজিক প্রভাব পর্যাপ্ত মাত্রায় নিরূপণ করা হইয়াছে কিনা;
- (খ) প্রস্তাবিত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পরিবীক্ষণ কর্মসূচি যথার্থ, কার্যকরী, বাস্তবসম্মত এবং পর্যাপ্ত কিনা;
- (গ) প্রস্তাবিত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন ও প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত প্রভাব গ্রহণযোগ্য মানমাত্রার মধ্যে থাকিবে কিনা; এবং
- (ঘ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প প্রস্তাব সরকারি নীতি এবং পরিকল্পনার পরিপন্থি কিনা।

(২) বিধি ১৫ এর উপ-বিধি (৫) অনুযায়ী পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন দাখিলের অনধিক ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন অনুমোদন করা হইবে।

(৩) পরিবেশগত ছাড়পত্র কমিটি কর্তৃক পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন অনুমোদনের সুপারিশ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হইলে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তফসিল-৭ এ উল্লিখিত ফি জমা প্রদানের জন্য আহ্বান করিবে।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী ফি জমা প্রদানের প্রমাণক সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিলের অনধিক ৭(সাত) কার্যদিবসের মধ্যে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হইবে।

(৫) উপ-বিধি (১) এ উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করিয়া সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্রের আবেদনের উপর পরিবেশগত ছাড়পত্র কমিটির কোনো আপত্তি থাকিলে উহার উপর মহাপরিচালক কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৬) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা উপ-বিধি (৩) অনুযায়ী লিখিত আপত্তি পাইবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট আবেদন নামঙ্গুর করা যাইবে।

(৭) অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা ভূমি উন্নয়ন, অবকাঠামো বা স্থাপনা নির্মাণ, লেটারস্ অব ক্রেডিট (এল,সি) খোলাসহ সংশ্লিষ্ট কার্যক্রম আরম্ভ করিতে পারিবে।

(৮) উপ-বিধি (২) এ উল্লিখিত অনুমোদিত পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন জনসাধারণের অবগতির জন্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করিতে হইবে।

১৯। পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি—(১) অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প চালু করার উদ্দেশ্য উদ্যোগ্তাকে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের জন্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন পাইবার পর অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলি, পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের সুপারিশসহ প্রাসঞ্জিক সকল বিষয় পর্যালোচনাক্রমে অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিয়া উহার অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলিক বা বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনাক্রমে পরিবেশগত ছাড়পত্র কমিটি সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূল পরিবেশগত ছাড়পত্র প্রদানের বিষয়ে মহাপরিচালকের নিকট অভিমতসহ সুপারিশ প্রদান করিবে।

(৫) উপ-বিধি (৪) অনুযায়ী প্রাপ্ত সুপারিশ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হইবার পর সংশ্লিষ্ট কার্যালয় উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিবে।

(৬) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের নিকট হইতে পরিবেশগত ছাড়পত্রের আবেদন প্রাপ্তির  
৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পরিবেশগত ছাড়পত্রের আবেদনপত্র নামঙ্গুর করা হইলে নামঙ্গুরের সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প চলমান থাকা অবস্থায় পরিবীক্ষণ প্রতিবেদন ও পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনার কার্যকারিতা ও প্রাসঙ্গিক নৃতন কোনো পরিবেশগত বা সামাজিক ইস্যু বিবেচনায় পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন হালনাগাদ করিবার জন্য অধিদপ্তর কর্তৃক উদ্যোগ্তাকে নির্দেশনা প্রদান করা যাইবে।

২০। অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ।—(১) সবুজ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর যা ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

(২) হলুদ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র অথবা পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ২ (দুই) বৎসর যা ২ (দুই) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

(৩) কমলা ও লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র অথবা পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর যা ১ (এক) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

২১। অবস্থানগত ছাড়পত্র নবায়ন পদ্ধতি।—(১) সকল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্রের মেয়াদ শেষ হইবার কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে উহা নবায়নের জন্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে অবস্থানগত ছাড়পত্র নবায়নের জন্য ফরম-৪ পূরণ করে তফসিল-৭ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক বিধি ৭ অনুযায়ী সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট কার্যালয় শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাইট সরেজিমিন পরিদর্শনপূর্বক যদি সম্মুক্ত হয় যে, অবস্থানগত ছাড়পত্রে উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করা হইয়াছে তাহা হইলে উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র নবায়ন করিবে।

২২। পরিবেশগত ছাড়পত্র নবায়ন পদ্ধতি।—(১) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য ফরম-৫ পূরণপূর্বক তফসিল-৭ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক বিধি ৭ এ অনুযায়ী সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির পর উক্ত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলি প্রতিপালন ও অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মানমাত্রাসহ প্রাসঙ্গিক কার্যক্রমসমূহ গ্রহণযোগ্য হইলে সংশ্লিষ্ট কার্যালয় উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শনপূর্বক সবুজ ও হলুদ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র নবায়ন করিবে:

তবে শর্ত থাকে যে, কমলা ও লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের বিষয়ে মতামত, পরিদর্শন প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজাদি মহানগর, আঞ্চলিক বা বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী প্রাপ্ত সুপারিশ মহানগর, আঞ্চলিক বা বিভাগীয় কার্যালয় কর্তৃক অনুমোদিত হইবার পর সংশ্লিষ্ট কার্যালয় উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র নবায়ন করিবে।

২৩। অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র ব্যতীত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ।—(১) বিধি ৬ এ উল্লিখিত প্রযোজ্যক্ষেত্রে, অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিচালিত হইতেছে বলিয়া তথ্য পাওয়া গেলে মহাপরিচালক উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে কারণ দর্শাইবার জন্য অনধিক ১০ (দশ) কার্যদিবস সময় প্রদান করিয়া নোটিশ প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কারণ দর্শানোর জবাব প্রাপ্তির অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে শুনান্বিত ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী শুনান্বিত গ্রহণের পর মহাপরিচালক সন্তুষ্ট না হইলে প্রয়োজনীয় নির্দেশনা জারীসহ উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রম বন্ধ করিয়া বিদ্যুৎ, পানি, গ্যাস, ইত্যাদি সেবা সংযোগ বিছিন্ন করিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করিবেন অথবা প্রয়োজনীয় অন্য কোনো ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী কোনো ব্যবস্থা গ্রহণের পর সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পুনরায় চালু করিতে হইলে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তাকে অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্রের জন্য ফরম-৩ পূরণ করে সংশ্লিষ্ট দলিলপত্র ও বিবরণ, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা এবং তফসিল-৭ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক বিধি ৭ অনুযায়ী সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(৫) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র ব্যতীত পরিচালনা করা হইলে মহাপরিচালক পরিবেশের ক্ষতি নিরূপণ করিয়া নির্ধারিত সময়ের মধ্যে উহা আদায়ের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী মহাপরিচালক কর্তৃক কোনো ক্ষতিপূরণ নির্ধারণ করা হইলে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা উহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

(৭) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের স্বত্ত্বাধিকারী বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে ধার্যকৃত ক্ষতিপূরণ প্রদান বা নির্দেশিত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করিতে ব্যর্থ হইলে মহাপরিচালক আইনের ধারা (৭) এর অধীন ব্যবস্থা গ্রহণ করিবেন।

**২৪। পরিবেশগত ছাড়পত্র কমিটির গঠন।—**(১) আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে,  
মহাপরিচালক—

- (ক) লাল শ্রেণিভুক্ত এবং প্রযোজ্য কমলা শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য  
অধিদপ্তরের প্রধান কার্যালয়ে পরিচালক বা তদুর্ধৰ পর্যায়ের একজন কর্মকর্তাকে  
আহায়ক করিয়া অধিদপ্তরের কর্মকর্তাদের সমষ্টিয়ে ন্যূনতম ৫ (পাঁচ) সদস্যের একটি  
পরিবেশগত ছাড়পত্র কমিটি গঠন করিতে পারিবেন;
- (খ) প্রযোজ্য কমলা শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য অধিদপ্তরের আঞ্চলিক,  
বিভাগীয় বা মহানগর কার্যালয়ে সংশ্লিষ্ট কার্যালয় প্রধানকে আহায়ক করিয়া উক্ত  
কার্যালয়ের কর্মকর্তাদের সমষ্টিয়ে ন্যূনতম ৩ (তিনি) সদস্যের একটি পরিবেশগত  
ছাড়পত্র কমিটি গঠন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, মহানগর, বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র  
বিষয়ক কমিটিতে সংশ্লিষ্ট কার্যালয়ের আওতাধীন জেলা কার্যালয়ের কার্যালয়  
প্রধানকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) পরিবেশগত ছাড়পত্র প্রদান কমিটি সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত প্রভাব  
বিষয়ে বিশেষ অবদান রাখিতে সক্ষম এইরূপ বিশেষজ্ঞ ব্যক্তির সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৩) পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির সদস্যগণ, সরকারি বিধি মোতাবেক, সম্মানী প্রাপ্য  
হইবেন।

**২৫। পরিবেশগত ছাড়পত্র প্রদান কমিটির কার্যাবলি।—**(১) অধিদপ্তরের প্রধান কার্যালয়ের  
পরিবেশগত ছাড়পত্র প্রদান কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) লাল শ্রেণিভুক্ত শিল্প বা প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি এবং  
পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন পর্যালোচনা ও মূল্যায়ন;
- (খ) পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি ও পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন  
অনুমোদনসহ ছাড়পত্র প্রদানের বিষয়ে মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;
- (গ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ধরন ও বৈশিষ্ট্য বিবেচনাপূর্বক ছাড়পত্রের শর্তাবলি নির্ধারণ;
- (ঘ) প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত সমীক্ষা  
প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের বিষয়ে  
মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;
- (ঙ) লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা  
পরিকল্পনা প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের  
বিষয়ে মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;
- (চ) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ কর্তৃক কর্পোরেট সামাজিক এবং  
পরিবেশগত দায়িত্ব গ্রহণের জন্য সুপারিশ করা;

- (ছ) লাল ও প্রয়োজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিনির্দেশ অনুমোদনের জন্য সুপারিশ করা;
- (জ) প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রস্তাবিত সাইট পরিদর্শন; এবং
- (ঝ) আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্য কোনো কার্য।
- (২) অধিদপ্তরের মহানগর, বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির কার্যাবলি:
- (ক) প্রয়োজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;
  - (খ) বিদ্যমান প্রয়োজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;
  - (গ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ধরন ও বৈশিষ্ট্য বিবেচনাপূর্বক ছাড়পত্রের শর্তাবলি নির্ধারণ;
  - (ঘ) প্রয়োজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিনির্দেশ অনুমোদন;
  - (ঙ) প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রস্তাবিত সাইট পরিদর্শন; এবং
  - (চ) আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্য কোনো কার্য।

২৬। **অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র হস্তান্তর।**—(১) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরিত হইলে উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রতিনিধি, দাতা বা গ্রহীতার লিখিত আবেদনক্রমে এবং মহাপরিচালকের অনুমোদনক্রমে উহা হস্তান্তর করা যাইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র হস্তান্তরিত হইলে উহার বিপরীতে অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশ বা ক্ষতিপূরণের দাবীসহ, যদি থাকে, উহা হস্তান্তরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২৭। আপিল।—**(১) কোনো ব্যক্তি, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা আইন বা এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো নোটিশ, আদেশ বা নির্দেশ দ্বারা সংক্ষুক হইলে তিনি উক্ত নোটিশ, আদেশ বা নির্দেশ প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করেন নাই এইরূপ কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোগ্তা আপিল দায়ের করিতে পারিবেন না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আপিলের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

- (ক) যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে উহার সত্যায়িত অনুলিপি;
- (খ) হালনাগাদ পরিবেশগত ছাড়পত্রের অনুলিপি, প্রযোজ্য ক্ষেত্রে;
- (গ) ট্রেজারি চালানের মাধ্যমে আপিল ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা জমা প্রদানের প্রমাণক;
- (ঘ) আইনের ধারা ৭ এর অধীন ধার্যকৃত ক্ষতিপূরণের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইলে ধার্যকৃত অর্থের ২৫% (পাঁচিশ শতাংশ) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; এবং
- (ঙ) নোটিশ, আদেশ বা নির্দেশ অনুযায়ী দূষণ সংশ্লিষ্ট কার্যক্রম বৰ্বৰ রহিয়াছে মর্মে লিখিত অঙ্গীকারনামা।

**২৮। আপিল কর্তৃপক্ষ।—**(১) আইন ও বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি আপিল কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা:—

- (ক) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) অতিরিক্ত-সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;
- (গ) যুগ্ম-সচিব (পরিবেশ-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;
- (ঘ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত অন্যন্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি; এবং
- (ঙ) উপ-সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অধিশাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) চেয়ারম্যান আপিল কর্তৃপক্ষের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে অতিরিক্ত-সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ) আপিল কর্তৃপক্ষের সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) আপিল কর্তৃপক্ষের সভার কোরামের জন্য চেয়ারম্যানসহ অন্যন ২ (দুই) জন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) আপিল কর্তৃপক্ষের সদস্যগণ, সরকারি বিধি মোতাবেক, সম্মানী প্রাপ্য হইবেন।

**২৯। আপিল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি।—**(১) আপিল কর্তৃপক্ষ আপিলের আবেদনের উপর শুনানী গ্রহণের জন্য দিন ধার্য করিয়া সংশ্লিষ্ট সকলকে নোটিশ প্রদান করিবে।

(২) আপিল কর্তৃপক্ষ আপিল শুনানীর সুবিধার্থে উভয় পক্ষকে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রতিবেদন দাখিল করিবার জন্য আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) আপিলের কোনো আবেদন পাইবার পর আপিল কর্তৃপক্ষ আবেদনের সহিত দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজাদি, লিখিত বিবরণ এবং প্রয়োজনে মৌখিকভাবে সাক্ষ্য গ্রহণপূর্বক সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করিয়া আবেদনটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৪) শুনানী গ্রহণক্রমে আপিল কর্তৃপক্ষ আপিল দায়েরের ৯০ (নবাই) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট নোটিশ, আদেশ বা নির্দেশ দ্বারা গৃহীত সিদ্ধান্ত বাতিল, পরিবর্তন বা সংশোধন করিয়া তদ্বিবেচনায় উপযুক্ত সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

**৩০। আপিল শুনানীর পদ্ধতি।—**(১) শুনানীর জন্য নির্ধারিত তারিখে আপিলকারী উপস্থিত না হইলে আপিল কর্তৃপক্ষ আপিল খারিজ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, আপিল কর্তৃপক্ষ আপিলকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে শুনানীর জন্য উপস্থিত হইবার সময় বৃক্ষি করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী আপিলের কোনো আবেদন খারিজ করা হইলে খারিজের উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে অনধিক ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করা যাইবে।

(৩) আপিল কর্তৃপক্ষ সংখ্যাগরিষ্ঠ সদস্যের স্বাক্ষরে লিখিতভাবে আদেশ জারি করিবে এবং উহার অনুলিপি অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় এবং মহাপরিচালকের নিকট প্রেরণ করিবে।

(৪) আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র প্রদান ও নবায়ন করা যাইবে না।

**৩১। পরিবেশগত মানমাত্রা নির্ধারণ।—**পানির মানমাত্রা তফসিল-২ অনুযায়ী এবং পরিবেশের অন্যান্য উপাদানের মানমাত্রা সংশ্লিষ্ট বিধিমালার বিধান অনুসারে নির্ধারিত হইবে।

**৩২। তরল বর্জ্য নির্গমনের মানমাত্রা।—**কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পয়ঃনির্গমন মানমাত্রা তফসিল-৩ অনুযায়ী, তরল বর্জ্য নির্গমন মানমাত্রা তফসিল-৪ অনুযায়ী এবং শিল্পশ্রেণি ভিত্তিক তরল বর্জ্য নির্গমনের মানমাত্রা তফসিল-৫ অনুযায়ী নির্ধারিত হইবে।

**৩৩। শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধন।—**কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনাগার বা পয়ঃবর্জ্য পরিশোধনাগার নির্মাণ, উহার অনুমোদন এবং পরিচালনা, তরল বর্জ্যের নির্গমন পরিবীক্ষণ, তরল বর্জ্যের নির্গমন মানমাত্রা, তরল বর্জ্য বিশ্লেষণ পদ্ধতি, তরল বর্জ্য নির্গমন পয়েন্ট, স্লাজ পরিত্যজন, ইত্যাদি বিষয় তফসিল-১২ অনুযায়ী নির্ধারিত হইবে।

**৩৪। বিভিন্ন সেবা ও উহার ফি।**—অধিদপ্তর কোনো ব্যক্তি, শিল্প প্রতিষ্ঠান, প্রকল্পের উদ্যোক্তা বা সংস্থার আবেদনক্রমে, তফসিল-৮ অনুযায়ী সেবা ফি গ্রহণ করিয়া, পানি, তরল বর্জ্য, বায়ু বা শব্দের নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণজাত তথ্য ও উপাত্ত সরবরাহ সেবা প্রদান করিতে পারিবে।

**৩৫। ফিসমূহ প্রদানের পদ্ধতি।**—এই বিধিমালার অধীন নির্ধারিত ফিসমূহ ট্রেজারি চালান, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা অন্যান্য ইলেক্ট্রনিক মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে এবং ফি জমা প্রদানের প্রমাণক জমা প্রদানকারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

**৩৬। পরিবেশগত ক্ষতি নিরূপণ ও ক্ষতিপূরণ আদায়।**—(১) আইনের ধারা ৭ এর অধীন কার্যক্রম গ্রহণের অতিরিক্ত হিসাবে দূষণ নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত দায়ী ব্যক্তি, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রম স্থগিত করা যাইবে।

(২) ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট ব্যক্তি, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র স্থগিত, বাতিল করা যাইবে বা নবায়ন করা যাইবে না।

**৩৭। পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ তালিকাভুক্তি।**—(১) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত সমীক্ষা, পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষা ও পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন প্রাপ্তিযন্তের জন্য আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে অধিদপ্তরের নিকট তালিকাভুক্ত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, আন্তর্জাতিকভাবে স্বীকৃতিপ্রাপ্ত কোনো দেশি বা বিদেশি ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার ক্ষেত্রে তালিকাভুক্তির প্রয়োজন হইবে না।

(২) মহাপরিচালক, পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদন আহ্বান করিয়া ২ (দুই) টি বাংলা জাতীয় দৈনিক পত্রিকা, ১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

(৩) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে তালিকাভুক্তির যোগ্যতা ও অভিজ্ঞতা ও অন্যান্য বিষয়াদি তফসিল-১৩ এর ‘ক’ অংশ অনুযায়ী হইবে।

(৪) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাচাই করিবার জন্য মহাপরিচালক অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত কমিটি আবেদনসমূহ যাচাই-বাচাই করিয়া একটি মূল্যায়ন প্রতিবেদন মহাপরিচালকের নিকট পেশ করিবে।

(৬) মহাপরিচালক উপ-বিধি (৫) এর অধীন মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে তালিকাভুক্তির অনুমোদন প্রদান করিতে পারিবেন অথবা আবেদন বাতিল করিতে পারিবেন।

(৭) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে তালিকাভুক্তির আবেদন ফি, তালিকাভুক্তির ফি এবং নবায়ন ফি তফসিল-১৩ এর ‘খ’ অংশ অনুযায়ী নির্ধারিত হইবে।

(৮) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ হিসাবে তালিকাভুক্তির মেয়াদ হইবে ৩ (তিনি) বৎসর যা ৩ (তিনি) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

**৩৮। পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞ তালিকাভুক্তি বাতিলকরণ, হালনাগাদকরণ, ইত্যাদি।—**

(১) কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ত্রুটিপূর্ণ, অসত্য বা অসম্পূর্ণ তথ্য প্রদান করিয়া তালিকাভুক্তির জন্য আবেদন করিলে বা কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের মালিক বা উদ্যোক্তার নিকট হইতে অনেতিক সুবিধা গ্রহণ করিলে মহাপরিচালক সংশ্লিষ্ট পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞকে শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া তালিকা হইতে বাদ প্রদান করিবেন।

(২) তালিকাভুক্তি হইতে বাদ পড়া কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে মহাপরিচালক সংশ্লিষ্ট কমিটির সুপারিশ সাপেক্ষে পুনরায় তালিকাভুক্ত করিতে পারিবেন।

(৩) মহাপরিচালক, সময় সময়, পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞের তালিকা হালনাগাদ করিবেন।

**৩৯। বিশেষ ঘটনা অবহিতকরণ।—**কোনো স্থানে নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত পরিবেশ দূষক নির্গত বা নিঃসৃত হইলে বা কোনো দুর্ঘটনা বা অদৃষ্টপূর্ব কোনো ক্রিয়া বা ঘটনার কারণে কোনো স্থান এইরূপ আশংকাযুক্ত হইলে সেই দৃষ্টিগৱের ঘটনাস্থল বা দূষণ আশংকাযুক্ত স্থানের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ঘটনা বা আশংকা সম্পর্কে মহাপরিচালককে অবহিত করিতে হইবে।

**৪০। রহিতকরণ ও হেফাজত।—**(১) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ১৪ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত স্মারক নং ২২.০০.০০০০.০৭৫.০৬.০০১.১৮-০২ এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও প্রযোজ্যক্ষেত্রে উক্ত বিধিমালার অধীন—

- (ক) কৃত সকল কাজ এই বিধিমালার অধীন কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (খ) প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র, পরিবেশগত ছাড়পত্র, নোটিশ, আদেশ, নির্দেশ, অনুমোদন এবং আদায়কৃত ক্ষতিপূরণ এই বিধিমালার অধীন প্রদত্ত এবং আদায় হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং
- (গ) নিষ্পন্নাধীন সকল কাজ যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

ফরম-১

পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত প্রতিকারের আবেদন

[বিধি ৩ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

বরাবর,

মহাপরিচালক

পরিবেশ অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭

প্রেরক

.....  
.....  
.....

মহোদয়,

আমি পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত একজন ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত ব্যক্তি হিসাবে, আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর আওতায় পরিবেশের ক্ষতি অথবা পরিবেশের ক্ষতির আশংকা সম্পর্কে প্রতিকার প্রার্থনা করিতেছি:

- ১। পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত ক্ষতিগ্রস্ত বা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। ক্ষতিগ্রস্ত হইবার কারণ :
- ৩। ক্ষতিগ্রস্ত হইবার স্থান :
- ৪। ক্ষতির/সম্ভাব্য ক্ষতির বিবরণ :
- ৫। ক্ষতি সংঘটিত হইবার সময় :
- ৬। ক্ষতি ঘটানোর সহিত সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠান ইত্যাদির নাম ও ঠিকানা :
- ৭। প্রার্থিত প্রতিকার :

তারিখ : .....

স্বাক্ষর : .....

## ফরম-২

নমুনা সংগ্রহের জন্য নোটিশ

[বিধি ৪ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

নং.....

তারিখ : .....

প্রতি

.....  
 .....  
 .....

যেহেতু আপনার শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের \*\*\* ..... হইতে কঠিন  
 বর্জ্য/তরল বর্জ্য/গ্যাসীয় নিঃসরণ/মাটি দূষক বিশ্লেষণের জন্য ..... তারিখ  
 ..... ঘটিকায় সংশ্লিষ্ট বর্জ্য পদার্থের নমুনা বিশ্লেষণের জন্য কারখানা, প্রাঙ্গন বা স্থান  
 হইতে বায়ু, পানি, মাটি বা অন্যাবিধ পদার্থের নমুনা সংগ্রহ করা প্রয়োজন সেহেতু নমুনা সংগ্রহের  
 তারিখে আপনাকে/আপনার উপযুক্ত প্রতিনিধিকে শিল্প প্রতিষ্ঠান অথবা প্রকল্পে উপস্থিত থাকিয়া নমুনা  
 সংগ্রহে সহযোগিতা প্রদান এবং সংগৃহীত নমুনা পত্রে স্বাক্ষর দানের জন্য আপনাকে এতদ্বারা নোটিশ  
 প্রদান করা হইল।

নমুনা সংগ্রহকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম—

পদবি—

নোট:

\*\*\* বর্জ্যপ্রবাহ, স্ট্যাক, ইত্যাদি উৎস যে সূত্র হইতে নমুনা সংগ্রহ করা হইবে উহার বিবরণ।

## ফরম-৩

অবস্থানগত ছাড়পত্র/পরিবেশগত ছাড়পত্র এর জন্য আবেদনপত্র

[বিধি ৯ এর উপ-বিধি (১), বিধি ১০ এর উপ-বিধি (১), বিধি ১১ এর উপ-বিধি (১), বিধি ১২ এর উপ-বিধি (১), বিধি ১৪ এর উপ-বিধি (১) ও বিধি ২৩ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]

## শিল্প প্রতিষ্ঠানের জন্য

বরাবর,

-----  
-----  
-----  
-----

জনাব,

আমি আমার প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান/বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান এর জন্য নিম্নে প্রদত্ত তথ্যাদিসহ কাগজপত্র জমা প্রদান করিয়া অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র এর জন্য আবেদন করিতেছি :

১। শিল্প প্রতিষ্ঠানের নাম :

(ক) শিল্প প্রতিষ্ঠানের অবস্থানগত ঠিকানা :

(খ) অফিসের বর্তমান ঠিকানা :

২। (ক) প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান :

(অ) সম্ভাব্য প্রকল্প ব্যয় :

(আ) জমির পরিমাণ :

(ই) নির্মাণ শুরুর সম্ভাব্য তারিখ :

(ঈ) নির্মাণ সমাপ্তির সম্ভাব্য তারিখ :

(উ) শিল্প প্রতিষ্ঠানের পরীক্ষামূলক উৎপাদনের সম্ভাব্য তারিখ :

(খ) বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান :

(অ) শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন শুরুর তারিখ :

(আ) মোট বিনিয়োগকৃত অর্থ :

৩। প্রস্তাবিত প্রকল্প পরিবেশগত সংকটাপন এলাকাভুক্ত কিংবা তফসিল-৯ এ বর্ণিত নিষিদ্ধ এলাকার অন্তর্ভুক্ত কী না :

- ৪। উৎপন্ন দ্রব্যের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :
- ৫। (ক) কাঁচামালের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :
- (খ) কাঁচামালের উৎস :
- ৬। (ক) দৈনিক পানি ব্যবহারের পরিমাণ :
- (খ) পানির উৎস :
- ৭। (ক) জালানির নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :
- (খ) বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ (কিলোওয়াট ঘণ্টায়) এবং বিদ্যুতের উৎস :
- ৮। (ক) শিল্প প্রতিষ্ঠানের লোকেশন ম্যাপ :
- (খ) লে-আউট প্ল্যান (প্রযোজ্য ক্ষেত্রে, বর্জ্য পরিশোধনাগারে অবস্থান নির্দেশিত) :
- ৯। (ক) উৎপাদন প্রক্রিয়ার বিবরণ :
- (খ) উৎপাদন প্রক্রিয়ার ফ্লো-ডায়াগ্রাম :
- ১০। (ক) কঠিন বর্জ্যের প্রকৃতি :
- (খ) দৈনিক সম্ভাব্য কঠিন বর্জ্যের পরিমাণ :
- ১১। (ক) দৈনিক সম্ভাব্য তরল বর্জ্যের পরিমাণ (ঘনমিটারে) :
- (খ) তরল বর্জ্যের নির্গমনস্থল :
- ১২। গ্যাসীয় দূষকের প্রকৃতি এবং ইহার নির্গমন পদ্ধতি :
- ১৩। সম্ভাব্য শব্দদূষণের উৎস ও শব্দদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা :
- ১৪। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি :
- ১৫। তরল বর্জ্য পরিশোধন ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে)\*:
- ১৬। বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে)\*\*:
- ১৭। পেশাগত স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা জন্য গৃহীতব্য ব্যবস্থাদি :
- ১৮। জমির তফসিল ও মৌজা ম্যাপ :
- ১৯। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/স্থানীয় কর্তৃপক্ষ এর অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :
- ২০। (ক) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন/পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের কার্যপরিধি (প্রযোজ্য ক্ষেত্রে):
- (খ) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে):

২১। সন্তান্ত সমীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) :

২২। প্রযোজনীয় অন্যান্য তথ্যাবলি (প্রযোজ্য ক্ষেত্রে):

**উদ্যোক্তার স্বাক্ষর (সিলমোহরসহ)**

নাম :

ঠিকানা :

ফোন :

ই-মেইল :

তারিখ :

ঘোষণা :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি আমার জানামতে সত্য এবং ইহাতে কোনো তথ্য গোপন বা বিকৃত করা হয় নাই।

**(উদ্যোক্তার নাম ও স্বাক্ষর)**

---

নোট:

\* তফসিল-১২ অনুসারে তরল বর্জ্য পরিশোধন সংক্রান্ত দলিল দাখিল করিতে হইবে।

\*\* বায়ু দূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত দলিল দাখিল করিতে হইবে।

\*\*\* প্রত্যেক পৃষ্ঠায় উদ্যোক্তা বা তাহার প্রতিনিধির স্বাক্ষর ও সিল থাকিতে হইবে।

## অবকাঠামো প্রকল্পের জন্য

বরাবর,

-----  
 -----  
 -----  
 -----

জনাব,

আমি আমার প্রস্তাবিত অবকাঠামো প্রকল্প অথবা বিদ্যমান অবকাঠামো প্রকল্পের জন্য নিম্নে  
 প্রদত্ত তথ্যাদিসহ কাগজপত্র জমা দিয়া অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য আবেদন  
 করিতেছি :

১। প্রকল্পের নাম :

(ক) প্রকল্পের অবস্থানগত ঠিকানা :

(খ) অফিসের বর্তমান ঠিকানা :

২। (ক) প্রস্তাবিত প্রকল্প :

(অ) সম্ভাব্য প্রকল্প ব্যয় :

(আ) প্রকল্পের উন্নয়ন কাজ শুরুর সম্ভাব্য তারিখ :

(ই) প্রকল্প সমাপ্তির সম্ভাব্য তারিখ :

(ঈ) প্রকল্প চালু হইবার সম্ভাব্য তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) :

(খ) বিদ্যমান প্রকল্প :

(অ) প্রকল্প চালু হইবার তারিখ :

(আ) মোট বিনিয়োগকৃত অর্থ :

৩। প্রকল্পের জমির বিবরণ :

(অ) মোট জমির পরিমাণ (একর) :

(আ) জমির মালিকানার বিবরণ :

(একর)

| ক্রয়সূত্রে | রেকর্ডসূত্রে | লিজ | পাওয়ার অব অ্যাটর্নি | খাস বা সরকারি | অন্যান্য | মোট |
|-------------|--------------|-----|----------------------|---------------|----------|-----|
| ২।           | পি এম (PM)                                   | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৩।           | পিএম ১০ (PM <sub>10</sub> )                  | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৪।           | পিএম ২.৫ (PM <sub>2.5</sub> )                | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৫।           | সালফার ডাই অক্সাইড (SO <sub>2</sub> )        | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৬।           | নাইট্রোজেনের অক্সাইডসমূহ (NO <sub>x</sub> )  | ২,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৭।           | কার্বন মনোঅক্সাইড (CO)                       | ২,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৮।           | লেড (Pb)                                     | ৫,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৯।           | অ্যামোনিয়া (NH <sub>3</sub> )               | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ১০।          | মার্কারি (Hg)                                | ৫,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ১১।          | ওজোন (O <sub>3</sub> )                       | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ১২।          | সালফিউরিক অ্যাসিড বাস্প (Sulfuric Acid Mist) | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ১৩।          | হাইড্রোজেন ক্লোরাইড (HCl)                    | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |

| ক্রমিক<br>নং | স্থিতিশাপ                                       | ফি (টাকা) | মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের নাম ও<br>কোড           |
|--------------|---|-----------|---|
| (১)          | (২)   | (৩)       | (৪)   |
| ১৪।          | হাইড্রোজেন ফ্লোরাইড (HF)                        | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ১৫।          | এসিটালডিহাইড                                    | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ১৬।          | হাইড্রোজেন সালফাইড                              | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ১৭।          | মিথাইল ডাই সালফাইড                              | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ১৮।          | মিথাইল মারক্যাপটান                              | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ১৯।          | মিথাইল সালফাইড                                  | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২০।          | স্টাইরিন  | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২১।          | ট্রাইমিথাইলঅ্যামিন                              | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২২।          | হাইড্রোকার্বন                                   | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২৩।          | কালো ধোঁয়া (Black Smoke)                       | ১,২০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২৪।          | ডাইঅক্সিন এবং ফুরান (Dioxins and Furan)         | ৫,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২৫।          | ম্যাংগানিজ (Mn)                                 | ৫,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২৬।          | বায়ুর যেসকল প্যারামিটার উল্লেখ করা<br>হয় নাই। | ৩,০০০     | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |

## (গ) শব্দের নমুনা

| ক্রমিক নং | স্থিতিমাপ | ফি (টাকা) | মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের নাম ও কোড              |
|-----------|-----------|-----------|---|
| (১)       | (২)       | (৩)       | (৪)   |
| ১।        | শব্দ      | ৬০০       | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |

## (ঘ) বিশেষজ্ঞাত বিভিন্ন তথ্য বা উপাত্ত সরবরাহ

| ক্রমিক<br>নং | স্থিতিমাপ   | ফি (টাকা)  | মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের<br>নাম ও কোড           |
|--------------|---|--|---|
| (১)          | (২)   | (৩)  | (৪)   |
| ১।           | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/<br>রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল পরিবীক্ষণ<br>স্টেশনের নদী ব্যাতীত ভৃগুষ্ঠ এবং ভূগর্ভস্থ পানির<br>বৎসরভিত্তিক তথ্য বা উপাত্ত<br><br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য | ৯,০০০<br>১৮,০০০  | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ২।           | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/<br>রংপুর ও ময়মনসিংহ বিভাগের নদীর পানির সকল<br>পরিবীক্ষণ স্টেশনের বৎসরওয়ারি তথ্য বা উপাত্ত<br><br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য                                  | ১২,০০০<br>১৮,০০০   | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ৩।           | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/<br>রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল পরিবীক্ষণ<br>স্টেশনের বায়ুর বৎসরওয়ারি তথ্য বা উপাত্ত<br><br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য                                      | ৭,০০০<br>১২,০০০  | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩০২৯ |
| ৪।           | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও পরিবেশসংক্রান্ত গবেষণা<br>কার্যক্রমে জড়িত প্রতিষ্ঠানসমূহের ছাত্র/ছাত্রী<br>শিক্ষক/শিক্ষিকাসহ গবেষকদের ব্যবহারের জন্য   | সংস্থা প্রধান/শিক্ষ<br>প্রতিষ্ঠান প্রধান/<br>বিভাগীয় প্রধান-<br>এর লিখিত<br>অনুরোধপত্র ও<br>সুপারিশের<br>ভিত্তিতে<br>বিনামূল্যে | -   |

নোট: ফি এর সহিত সরকার নির্ধারিত হারে ভ্যাট সংযোজন করিতে হইবে।

## তফসিল-৯

## শিল্প বা প্রকল্পের অবস্থান নির্ধারণের নির্দেশিকা

[বিধি ৮ এর দফা (খ), বিধি ৯ এর উপ-বিধি (২), বিধি ১০ এর উপ-বিধি (২),  
বিধি ১২ এর উপ-বিধি (২) ও বিধি ১৪ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

প্রকল্পের বা শিল্প প্রতিষ্ঠানের উপযুক্ত অবস্থান নির্ধারণের জন্য নিম্নরূপ নির্দেশিকা অনুসরণ করিতে হইবে :

(ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের স্থান নির্বাচনের ক্ষেত্রে যেসকল এলাকা পরিহার করিতে হইবে :

- (১) প্রতিবেশগত গুরুত্বের বিবেচনায় আইন দ্বারা সংরক্ষিত এলাকা, হেরিটেজ সাইট, প্রতিবেশগত সংকটাগম্ভীর এলাকা; অভয়ারণ্য অথবা আন্তর্জাতিক কনভেনশন দ্বারা সংরক্ষিত এলাকা;
- (২) প্রতিবেশগত বা জীববৈচিত্র্যের জন্য গুরুত্বপূর্ণ বা স্পর্শকাতর স্থানসমূহ, যেমন-বিপন্ন/হ্রমকিগ্রাস্ত/স্থানীয় প্রজাতিসমূহের আবাসস্থল, জলাভূমি, পাহাড়, প্রাকৃতিক বন (Natural forest), প্যারাবন, প্রবাল দ্বীপ ইত্যাদি;
- (৩) সরকার কর্তৃক ঘোষিত বনভূমি;
- (৪) অধিক গুরুত্বসম্পন্ন কৃষি জমি; এবং
- (৫) ঐতিহাসিক স্থান, স্মৃতিসৌধ এলাকা, পার্ক/খেলার মাঠ, স্বাস্থ্য কেন্দ্র, আবাসিক এলাকা, হাসপাতাল, প্রয়তন্ত্ব এলাকা; শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকার কর্তৃক অথবা আইন দ্বারা যেসকল এলাকাকে স্পর্শকাতর চিহ্নিত করা হইয়াছে।

(খ) শিল্প কারখানার স্থান নির্বাচনের জন্য যেসকল বিষয় বিবেচনা করিতে হইবে :

- (১) অনুমোদিত শিল্পাঞ্চল বা শিল্পায়নের জন্য মনোনীত এলাকা;
- (২) সম্মিকটস্থ শিল্পের সম্পর্কুতি বিশিষ্ট;
- (৩) উপযুক্ত এবং পর্যাপ্ত ইউটিলিটি সাপ্লাই, বর্জ্য ব্যবস্থাপনা এবং স্টর্ম ড্রেনেজ সুবিধা;
- (৪) ইটিপি স্থাপন ও সবুজ বেষ্টনী তৈরি ইত্যাদির জন্য পর্যাপ্ত স্থান সংকুলান রাখিয়াছে এমন স্থান;
- (৫) বন্যা প্রবাহ অঞ্চল হইতে ২৫০ মিটার দূরে বন্যামুক্ত উঁচু স্থান (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৬) উপকূলের উচ্চ জোয়ার রেখা হইতে ৫০০ মিটার দূরে (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
- (৭) শিল্প স্থাপনের স্থান ও সংবেদনশীল উপাদানের (sensitive receptor) মাঝে পর্যাপ্ত বাফার এলাকা বিদ্যমান।

(গ) বিভিন্ন শ্রেণির শিল্প কারখানা ও সংবেদনশীল এলাকার মাঝে নিম্নবর্ণিত বাফার দূরত্ব বজায় রাখিতে হইবে :

| শিল্পের শ্রেণি | শিল্পের ধরন  | বাফার দূরত্ব  |
|----------------|--|---|
| (১)            | (২)  | (৩)   |
| লাল শ্রেণি     | <p>উচ্চ ঝুঁকিবিশিষ্ট কারখানা, স্থাপনা বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্যসম্পন্ন :</p> <ul style="list-style-type: none"> <li>অগ্নি, বিকিরণ এবং খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য উচ্চঝুঁকি-বিশিষ্ট;</li> <li>উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো কোনো কাঁচামাল খুবই বিপজ্জনক;</li> <li>তাংপর্য মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;</li> <li>বিপুল পরিমাণ বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যাহার কোনো কোনোটি পরিশোধন করা খুবই জটিল।</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>ন্যূনতম ৫০০ মি. অথবা</li> <li>প্রযোজ্য ক্ষেত্রে কারখানা বা কার্যক্রম সংশ্লিষ্ট ঝুঁকির ধরন ও মাত্রা বিবেচনাপূর্বক মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করিতে হইবে।</li> </ul>       |
| কমলা বা লাল    | <p>ভারী শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :</p> <ul style="list-style-type: none"> <li>উচ্চমাত্রার দৃশ্যের সম্ভাবনা এবং অগ্নি, বিকিরণ এবং খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য ঝুঁকিপূর্ণ;</li> <li>উচ্চ মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;</li> <li>মাত্রাতিরিক্ত (Excessive) শব্দ দৃশ্য বা কম্পন সৃষ্টি করে;</li> <li>প্রচুর পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হয়-যেগুলির স্থানান্তর, গুদামজাতকরণ ইত্যাদিতে তাংপর্যপূর্ণ মাত্রায় ডাস্ট সৃষ্টি হয়;</li> <li>যথেষ্ট পরিমাণ বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যাহার কোনো কোনোটি পরিশোধন করা খুবই জটিল</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>ন্যূনতম ৩০০ মিটার অথবা</li> <li>প্রযোজ্য ক্ষেত্র কারখানা বা কার্যক্রম-সংশ্লিষ্ট ঝুঁকির ধরন ও মাত্রা বিবেচনা করিয়া মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করা যাইতে পারে।</li> </ul> |
| কমলা বা লাল    | <p>মাঝারি শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :</p> <ul style="list-style-type: none"> <li>মধ্যম মাত্রার দৃশ্যের সম্ভাবনা এবং অগ্নি, বিকিরণ ও খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য ঝুঁকিপূর্ণ;</li> <li>মধ্যম মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;</li> <li>মধ্যম মাত্রার শব্দদৃশ্য বা কম্পন সৃষ্টি করে;</li> <li>বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যেগুলি কারখানা সীমানায় পরিশোধন করা হয়।</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>ন্যূনতম ১০০ মিটার;</li> <li>প্রযোজ্য ক্ষেত্রে মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করা যাইতে পারে।</li> </ul>  |

| শিল্পের শ্রেণি         | শিল্পের ধরন  | বাফার দূরত   |
|------------------------|--|--|
| (১)                    | (২)  | (৩)  |
| সবুজ বা হলুদ           | হালকা শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন : | <ul style="list-style-type: none"> <li>• বায়ুদূষণ, শব্দ, কম্পন, গুরু, অগ্নি বা বিক্ষেপণের সম্ভাবনা খুব কম বা নাই;</li> <li>• বিপজ্জনক পদার্থ কাঁচামাল হিসাবে ব্যবহৃত হয় না বা উৎপাদন প্রক্রিয়ায় তৈরি হয় না;</li> <li>• কোনো বিপজ্জনক কঠিন বর্জ্য সৃষ্টি হয় না।</li> </ul>  |
| সবুজ বা হলুদ<br>শ্রেণি | ক্ষুদ্র শিল্প যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :            | <ul style="list-style-type: none"> <li>• বায়ুদূষণ, শব্দ, কম্পন, গুরু, অগ্নি বা বিক্ষেপণের সম্ভাবনা খুবই কম বা নাই;</li> <li>• ভূমি ব্যতীত বেনিয়োগকৃত মূলধন বৎসরের যে-কোনো সময় ৪০ লক্ষ টাকার অধিক নহে এবং বার্ষিক টার্নওভার ৬০ লক্ষ টাকার অধিক নহে;</li> <li>• শুক্র প্রকৃতির উৎপাদন প্রক্রিয়া। ধোয়া, মোছা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে তরল বর্জ্য সৃষ্টি হইতে পারে, তবে তাহা নির্গমনের ফলে পানি দৃষ্টিতে সম্ভাবনা কম;</li> <li>• কোনো বিপজ্জনক কঠিন বর্জ্য সৃষ্টি হয় না।</li> </ul> |

## তফসিল-১০

**পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি প্রণয়নের নির্দেশিকা**  
**[বিধি ১৪ এর উপ-বিধি (৩)]**

| ক্রমিক<br>নং | বিষয়   | বিবরণ  |
|--------------|---|--|
| (১)          | (২)   | (৩)  |
| ১।           | শিল্প/প্রকল্পের উদ্যোগস্থির নিরূপণ                                  | <p>উদ্যোগস্থির নাম ও যোগাযোগ ঠিকানা;</p> <ul style="list-style-type: none"> <li>পরিবেশগত প্রভাব নিরূপণ সংক্রান্ত কোনো বিষয় অনুসন্ধানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল</li> </ul>   |
| ২।           | সমীক্ষা দল  | <p>সমীক্ষা দলের প্রত্যেক সদস্যের বিভাগিত বিবরণ, যাহাতে নিম্নের তথ্যসমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>পরিবেশ অধিদপ্তরের নিবন্ধন নম্বর</li> <li>শিক্ষাগত যোগ্যতা</li> <li>অভিজ্ঞতা</li> <li>সমীক্ষার অধিক্ষেত্র (Area of study)</li> <li>যোষণা (স্বাক্ষর)</li> </ul>  |
| ৩।           | শিল্প/প্রকল্পের প্রয়োজনীয়তা<br>(Statement of Need)                | <p>পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে প্রকল্পের প্রয়োজনীয়তার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতিষ্ঠা করিতে হইবে। প্রকল্প গ্রহণের ভিত্তি এবং যৌক্তিকতা (Project concept) এবং প্রকল্পের উদ্দেশ্য উল্লেখ করিতে হইবে।<br/>     প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হইলে কী সুফল পাওয়া যাইবে তাহার বিবরণ দিতে হইবে।</p>  |
| ৪।           | শিল্প/প্রকল্পের বিবরণ বা ধারণা<br>(Project description/<br>concept) | <p>প্রস্তাবিত প্রকল্প সরকারের কোনো উন্নয়ন পরিকল্পনা, নীতি বা সিদ্ধান্তের পরিপন্থি হইবে না। প্রকল্পের বিবরণ দেওয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>প্রস্তাবিত প্রকল্পের ধারণা (Project concept), প্রকল্পের আকার, কম্পোনেন্ট, উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃতব্য প্রযুক্তি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডেভেলপমেন্ট ধাপসমূহের স্পষ্ট বিবরণ।</li> </ul> |

| ক্রমিক<br>নং | বিষয়  | বিবরণ   |
|--------------|--|---|
| (১)          | (২)  | (৩)   |
|              |  | <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের অবস্থান ও প্রকৃতি সুস্পষ্টভাবে অনুধাবনের জন্য স্পষ্ট, রঙিন এবং পাঠযোগ্য মানচিত্র, রেখাচিত্র এবং ছবি। লোকেশন মানচিত্রসমূহের মধ্যে জেনারেল লোকেশন, স্পেসিফিক লোকেশন, প্রকল্পের চৌহদ্দি এবং প্রকল্পের সাইট/লে-আউট প্ল্যান অন্তর্ভুক্ত থাকিবে।</li> <li>শিল্প প্রকল্পের ক্ষেত্রে স্পষ্ট ফ্লো চার্টসহ উৎপাদন প্রক্রিয়ার বিবরণ।</li> </ul>  |
| ৫।           | প্রকল্পের অপশনসমূহ   | প্রকল্পের অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ—গ্রহণযোগ্য অপশন বাছাই এবং অন্যান্য অপশন বাতিলের যৌক্তিকতা।   |
| ৬।           | বিদ্যমান পরিবেশের বিবরণ  | <p>বিদ্যমান পরিবেশের বিবরণ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>পরিবেশগত বিষয় বিবেচনার জন্য চিহ্নিত স্থানের ভৌগোলিক সীমারেখা;</li> <li>প্রকল্প বাস্তবায়নের পূর্বে ভৌত-রাসায়নিক, জীব এবং মানব পরিবেশের অবস্থা;</li> <li>প্রস্তাবিত প্রকল্পের কারণে অনন্য বৈজ্ঞানিক, আর্থ-সামাজিক এবং সংস্কৃতিগত দিক বিচেনায় প্রস্তাবিত হইতে পারে এমন পরিবেশগত সংবেদনশীল এলাকা।</li> </ul> |
| ৭।           | প্রস্তাবিত প্রকল্প এলাকার বেস লাইন তথ্য (ভৌত, রাসায়নিক, জৈব, সামাজিক ইত্যাদি) | নমুনা সংগ্রহের পদ্ধতি (sampling methodologies), নমুনা সংগ্রহের স্থান, পরিবীক্ষণ স্টেশন এবং প্যারামিটার  |
| ৮।           | প্রকল্পের অবস্থান ও বিদ্যমান ভূমি ব্যবহার                                      | <ul style="list-style-type: none"> <li>প্রস্তাবিত প্রকল্পের প্রকৃত অবস্থান;</li> <li>বিদ্যমান ভূমি ব্যবহার এবং প্রতিবন্ধকতা;</li> <li>পরিবেশগত সংকটাপন বা সংবেদনশীল এলাকা হইতে প্রস্তাবিত প্রকল্পের দূরত্ব;</li> <li>প্রস্তাবিত প্রকল্পের অবস্থান নির্দেশক ম্যাক্রো স্কেল ম্যাপ (১: ৫০,০০০ এবং ১: ২৫,০০০), প্ল্যান, ছবি অথবা স্যাটেলাইট ইমেজ;</li> </ul>  |

| ক্রমিক<br>নং | বিষয়   | বিবরণ  |
|--------------|---|--|
| (১)          | (২)   | (৩)  |
|              |   | <ul style="list-style-type: none"> <li>স্পষ্ট, পাঠ্যোগ্য, রঙিন ভূমি ব্যবহারের ম্যাপ।<br/>সাম্প্রতিক বিদ্যমান পরিবেশের অবস্থা<br/>অনুধাবনের জন্য হালনাগাদ স্যাটেলাইট ইমেজ<br/>ব্যবহারপূর্বক প্রস্তুতকৃত ম্যাপ ব্যবহার করা<br/>যাইতে পারে। ভূমি ব্যবহারের ম্যাপে ন্যূনতম<br/>৫ কি.মি. ব্যাসার্ধের এলাকা অন্তর্ভুক্ত করিতে<br/>হইবে।</li> <li>বিদ্যমান পরিবেশের অবস্থা বুরাইবার জন্য<br/>প্রস্তাবিত প্রকল্পের ধরন-অনুসারে কোনো ম্যাপ,<br/>যথা : টপোগ্রাফি ম্যাপ, জিওলজিক্যাল ম্যাপ,<br/>হাইড্রোলজিক্যাল ম্যাপ ইত্যাদি।</li> </ul> |
| ৯।           | সম্ভাব্য উল্লেখযোগ্য প্রভাব<br>(Potential significant<br>impacts)                 | <ul style="list-style-type: none"> <li>প্রস্তাবিত প্রকল্পে গুরুত্বপূর্ণ ইস্যুর ভিত্তিতে<br/>যেসকল সম্ভাব্য গুরুত্বপূর্ণ প্রভাব পরীক্ষা করা<br/>হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ;</li> <li>প্রভাব বিশ্লেষণ/নিরূপণের পদ্ধতিসমূহের<br/>(Methodologies) রূপরেখা</li> </ul>   |
| ১০।          | প্রভাব প্রশমন এবং হাসের<br>ব্যবস্থা (Mitigation and<br>abatement measures)        | প্রস্তাবিত প্রকল্পের প্রভাব প্রশমন এবং হাসের লক্ষ্য<br>কোন কোন কার্যক্রম বিবেচনা করা হইবে তাহা<br>নির্ধারণ করিতে হইবে।   |
| ১১।          | অবশিষ্ট প্রভাব (Residual<br>impact)   | প্রস্তাবিত প্রকল্পের প্রশমনমূলক ব্যবস্থা (Mitigation<br>measures) গ্রহণের পর যেসকল উল্লেখযোগ্য<br>পরিবেশগত প্রভাব (দীর্ঘ মেয়াদি) অবশিষ্ট থাকিবার<br>সম্ভাবনা রহিয়াছে তাহার রূপরেখা   |
| ১২।          | পরিবেশগত ব্যবস্থাপনা<br>পরিকল্পনা (ইএমপি)   | পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনায় যেসকল বিষয়<br>অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ।  |
| ১৩।          | পরিবেশগত পরিবীক্ষণ এবং<br>ফলো-আপ পরিকল্পনা<br>(Monitoring and Follow-<br>up Plan) | পরিবেশগত পরিবীক্ষণ এবং ফলো-আপ পরিকল্পনায়<br>যেসকল বিষয় অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত<br>বিবরণ।  |
| ১৪।          | ডিকমিশনিং পরিকল্পনা<br>(প্রযোজ্য ক্ষেত্রে)  | প্রকল্পের ডিকমিশনিং পরিকল্পনায় যেসকল বিষয়<br>অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ।   |

## তফসিল-১১

## শিল্প কারখানা বা প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন প্রণয়ন নির্দেশিকা

[বিধি ১৫ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

## পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন

| ক্রমিক<br>নং | বিষয়  | বর্ণনা   |
|--------------|--|--|
| (১)          | (২)  | (৩)  |
| ১।           | নির্বাহী সারসংক্ষেপ<br>(Executive Summary)                       | <p>নির্বাহী সারসংক্ষেপে অকারিগরি (Non-technical) ভাষায় লিখিত সমীক্ষায় প্রাপ্ত তথ্য এবং সুপারিশ থাকিবে। ইহাতে নিম্নোক্ত তথ্যাদি অন্তর্ভুক্ত করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের বিবরণ : প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ।</li> <li>সমীক্ষায় প্রাপ্ত তথ্য (Study findings):<br/>পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধি বা সমীক্ষার মাধ্যমে চিহ্নিত প্রধান পরিবেশগত ইস্যুসমূহের আলোকে নিরূপিত পরিবেশগত প্রভাব, প্রশমনমূলক ব্যবস্থা এবং পরিবীক্ষণ কর্মসূচির সারসংক্ষেপ।</li> </ul>  |
| ২।           | সাধারণ তথ্যাবলি<br>(General Information)                         | <p>সাধারণ তথ্যাবলি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের ও প্রকল্পের উদ্যোক্তার নাম এবং যোগাযোগের ঠিকানা; প্রকল্পের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল এবং পরিবেশগত প্রভাব নিরূপণ সংক্রান্ত কোনো বিষয় অনুসন্ধানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল।</li> <li>পরিবেশবিষয়ক পরামর্শক: পরামর্শক প্রতিষ্ঠানের নাম, যোগাযোগের ঠিকানা এবং ই-মেইল; সমীক্ষা দলের প্রত্যেক সদস্যের নামের তালিকা, সমীক্ষার অধিক্ষেত্র এবং স্বাক্ষর।</li> </ul> |
| ৩।           | প্রকল্পের বিবরণ ও প্রকল্পের<br>অপশনসমূহ (Project<br>Description) | <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের বিবরণ দেওয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে—</li> <li>প্রকল্পের প্রয়োজনীয়তা: প্রকল্পের যৌক্তিকতা, উদ্দেশ্য এবং সুফল;</li> </ul>   |

| ক্রমিক<br>নং | বিষয় | বর্ণনা   |
|--------------|-------|--|
| (১)          | (২)   | (৩)  |
|              |       | <ul style="list-style-type: none"> <li>● প্রকল্পের বিবরণ: প্রকল্পের বিবরণ প্রদানের ক্ষেত্রে প্রকল্প কার্যক্রম, অবস্থান, লে-আউট, সময়সূচিসহ প্রকল্প বাস্তবায়নের ধাপসমূহ এবং প্রকল্পের সম্ভাব্য সম্প্রসারণের বিষয়ের উল্লেখ থাকিতে হইবে। ইহাতে নিরোক্ত বিষয়সমূহ থাকিতে হইবে :</li> <li>● জমির পরিমাণ : প্রয়োজনীয় জমির পরিমাণ, জমির মালিকানা, ভূমি অধিগ্রহণ ইত্যাদি।</li> <li>● প্রকল্পের অবস্থান ও পারিপার্শ্বিক এলাকা : প্রকল্পের অবস্থান (লোকেশন ম্যাপসহ), লে-আউট প্ল্যান যাহাতে ইউটিলিটিস, মেশিনারি, স্টোরেজ ইয়ার্ড, অবকাঠামো, পরিবহণ রুট এবং অন্যান্য কাঠামো প্রদর্শন করিতে হইবে।</li> <li>● প্রকল্পের বিবরণ : সাইট লে-আউট, ফ্লো-ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ, উৎপাদন ক্ষমতা, উৎপাদিত পণ্যের নাম ও পরিমাণ এবং ইউটিলিটিসমূহের বিবরণ।</li> <li>● প্রকল্প কার্যক্রম ও বাস্তবায়ন সময়সূচি : প্রকল্পের ভূমি উন্নয়ন, অবকাঠামো নির্মাণ ও পরিচালনাকালীন গৃহীতব্য প্রধান কার্যক্রমের তালিকা; প্রকল্প উন্নয়নের ধাপ এবং বাস্তবায়ন কাল (Schedule)।</li> <li>● সম্পদ ও উপযোগমূলক সেবার চাহিদা : তৈল, গ্যাস, বিদ্যুৎ, কয়লা ইত্যাদি জ্বালানির চাহিদা; কাঁচামালের তালিকা, পরিমাণ ও উৎস; পানির চাহিদা ও উৎস, কাঁচামাল ও উৎপাদিত পণ্য হ্যান্ডলিং ও স্টোরেজের জন্য নির্মিতব্য অবকাঠামো; অন্যান্য সাপোর্টিং অবকাঠামো, ইউটিলিটি এবং সার্ভিসের চাহিদা; প্রকল্পের উন্নয়ন ও পরিচালনার সময় কর্মসংস্থানের সুযোগ।</li> <li>● দূষণের সম্ভাবনা (Pollution potential) :</li> <li>● প্রকল্পের অপশনসমূহ : অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ, গ্রহণযোগ্য অপশন বাছাই এবং অন্যান্য অপশন বাতিলের যৌক্তিকতা।</li> </ul> |

| ক্রমিক<br>নং | বিষয়   | বর্ণনা   |
|--------------|---|--|
| (১)          | (২)   | (৩)  |
| ৪।           | প্রকল্প এলাকার বিদ্যমান পরিবেশগত অবস্থা<br>(Existing Environmental Condition) | <p>পরিবেশগত প্রভাব নিরূপণ এ সমীক্ষাধীন এলাকার বিদ্যমান পরিবেশের বর্ণনায় নিম্নোক্ত বিষয়ের উপর তথ্য ও উপাত্ত প্রদান করিতে হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>● ভৌত পরিবেশ : টপোগ্রাফি, জিওলজি, জিও-মর্ফোলজি, মৃত্তিকা, ড্রেনেজ, হাইড্রোলজি এবং পানি সম্পদ, আবহাওয়া ও জলবায়ু, বায়ু ও পানির গুণগত মান, শব্দের মাত্রা, বিদ্যমান দূষণের উৎসসমূহ ইত্যাদি।</li> <li>● জীব পরিবেশ : প্রতিবেশ ব্যবস্থা (উদ্ভিদকুল, প্রাণিকুল, স্তলজ আবাসস্থল, সামুদ্রিক/জলজ আবাসস্থল), জলভূমি, এনডেমিক/ওটেন্ট/এনডেঞ্জারড প্রজাতি, নিকটতম সংরক্ষিত, সংবেদনশীল বা সংকটাপন্ন আবাসভূমি (Habitat)।</li> <li>● ভূমি ব্যবহার : বিদ্যমান এবং প্রস্তাবিত ভূমি ব্যবহার, সংরক্ষণের জন্য প্রতিবেশগত গুরুত্বপূর্ণ এলাকা।</li> <li>● সামাজিক পরিবেশ : জনসংখ্যার বণ্টন (Population distribution), অর্থনৈতিক কর্মকাণ্ড, ভৌত অবকাঠামো ও পরিষেবা, সামাজিক-সাংস্কৃতিক অ্যামিনিটিস, জনস্বাস্থ্য।</li> <li>● মানচিত্র, লেখচিত্র ও ছবি : প্রকল্প এলাকার বর্ণনার সহিত নিম্নোক্ত তথ্য, ম্যাপ, ছবি এবং অন্যান্য ভিজুয়্যাল তথ্য যুক্ত করিতে হইবে।</li> <li>● প্রকল্প এবং পার্শ্ববর্তী এলাকার পরিবেশের হালনাগাদ ছবি।</li> <li>● প্রকল্পের লোকেশন (অক্ষাংশ ও দ্রাঘিমাংশসহ), প্রকল্প এলাকা এবং সমীক্ষা এলাকার ভৌগোলিক সীমারেখা; প্রস্তাবিত প্রকল্পের অবস্থান-নির্দেশক ম্যাক্রো ক্ষেল ম্যাপ (১: ৫০,০০০ এবং ১: ২৫,০০০), প্ল্যান, ছবি অথবা স্যাটেলাইট ইমেজ; স্পষ্ট, পাঠযোগ্য, রঙিন ভূমি ব্যবহারের ম্যাপ। সাম্প্রতিক বিদ্যমান</li> </ul> |

| ক্রমিক<br>নং | বিষয়   | বর্ণনা  |
|--------------|---|---|
| (১)          | (২)   | (৩)   |
|              |   | <p>পরিবেশের অবস্থা অনুধাবনের জন্য হালনাগাদ স্যাটেলাইট ইমেজ ব্যবহার করা যাইতে পারে। ভূমি ব্যবহারের ম্যাপে ন্যূনতম ৫ কি.মি. ব্যাসার্ধের এলাকা অন্তর্ভুক্ত করিতে হইবে।</p> <ul style="list-style-type: none"> <li>বিদ্যমান পরিবেশের অবস্থা বুরাইবার জন্য প্রস্তাবিত প্রকল্পের ধরন অনুসারে অন্যান্য কোনো ম্যাপ, ঘথাট্পোষাকি ম্যাপ, জিওলজিক্যাল ম্যাপ, হাইড্রোলজিক্যাল ম্যাপ ইত্যাদি।</li> </ul>   |
| ৫।           | পরিবেশগত প্রভাব পূর্বানুমান ও মূল্যায়ন (Impact Predication and Evaluation) | <p>পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধিতে যেসকল পরিবেশগত ইস্যু চিহ্নিত করা হইয়াছে বা পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষায় যে আরও অতিরিক্ত পরিবেশগত ইস্যু চিহ্নিত হইয়াছে সেইগুলির প্রভাব নিরূপণ (Impact Assessment) করিতে হইবে। প্রভাব নিরূপণ প্রধানত নিম্নোক্ত তিনটি ধাপে সম্পন্ন করিতে হইবে, যথা :</p> <ul style="list-style-type: none"> <li>প্রভাব চিহ্নিতকরণ (Impact Identification): প্রকল্পের প্রতিটি ধাপের সুনির্দিষ্ট এবং বিশদ প্রভাব চিহ্নিত করিতে হইবে। সকল গুরুত্বপূর্ণ প্রভাবসমূহ বিবেচনা করিতে হইবে। একই সঙ্গে সম্ভাব্য গুরুত্বপূর্ণ পরোক্ষ এবং ক্রমপুঞ্জীভূত (Cumulative) প্রভাবসমূহও চিহ্নিত করিতে হইবে।</li> <li>প্রভাব পূর্বানুমান (Impact Predication): গুরুত্বপূর্ণ প্রভাবসমূহের প্রকৃতি, বিশালত, বিস্তার এবং স্থায়িত্ব (nature, magnitude, extent and duration) ইত্যাদি পূর্বানুমান করিতে হইবে। প্রভাব নিরূপণের জন্য একাধিক গুণবাচক বা পরিমাণবাচক পূর্বানুমান টুল রাখিয়াছে। এইক্ষেত্রে সমীক্ষাধীন প্রকল্প এবং প্রকল্প এলাকার জন্য যথোপযুক্ত টুল বা মডেল নির্বাচন করিতে হইবে।</li> <li>প্রভাব মূল্যায়ন (Impact Evaluation): প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্টি পরিবেশগত প্রভাব নিম্নোক্ত নির্ণয়কের ভিত্তিতে মূল্যায়ন করিতে হইবে:</li> </ul> |

| ক্রমিক<br>নং | বিষয়  | বর্ণনা   |
|--------------|--|--|
| (১)          | (২)  | (৩)  |
|              |  | <p>প্রভাবের মাত্রা (Magnitude of impact)</p> <p>প্রভাবের বিস্তার (Extent of effect)</p> <p>প্রভাবের স্থায়িত্বকাল (Duration of the impact)</p> <p>ক্ষতিগ্রস্ত এলাকা বা অবস্থার পূর্বাবস্থায় ফিরিয়া যাওয়া (Reversibility of condition/impacted area)</p> <p>পুঞ্জীভূত প্রভাব (Cumulative impact)</p> <p>প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্টি পরিবেশগত প্রভাবের বিষয়ে উল্লিখিত নির্ণয়কের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ হইবে :</p> <ul style="list-style-type: none"> <li>কোনো প্রভাব নাই (No impact)</li> <li>প্রভাব তৎপর্যপূর্ণ (Significant impact)</li> <li>প্রভাব অতৎপর্যপূর্ণ (Insignificant impact)</li> <li>অজানা প্রভাব (Unknown impact)</li> <li>প্রশমনযোগ্য প্রভাব (Mitigated impact)</li> </ul>                              |
| ৬।           | প্রশমনমূলক ব্যবস্থা<br>(Mitigation Measures) | <p>পরিবেশগত প্রভাব নির্বাচন জন্য বাস্তবস্মত, সুলভ এবং কার্যকর প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিতে হইবে। পরিবেশগত প্রভাব নির্বাচন জন্য সম্ভাব্য সকল বিকল্প উপায় মূল্যায়ন করিয়া সর্বোত্তম সমাধানের জন্য পরামর্শ প্রদান করিতে হইবে যাহার ব্যয় উদ্যোগ্তাৰ জন্য সহনীয় এবং প্রকল্পের নেতৃত্বাচৰ প্রভাব অবলোপনের জন্য যৌক্তিকভাৱে গ্ৰহণযোগ্য। প্রশমনমূলক ব্যবস্থার কার্যকারিতা পরিমাপযোগ্য হইতে হইবে যাহাতে পরিবীক্ষণ এবং অডিটিং-এর মাধ্যমে তাহা প্রমাণ কৱা যায়।</p> <p>সুপারিশকৃত প্রতিটি প্রশমনমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ প্রদান করিতে হইবে। প্রকল্পের বিস্তারিত ডিজাইনে কখন এবং কীভাবে এইগুলি অন্তর্ভুক্ত হইবে তাহার উল্লেখ করিতে হইবে। প্রস্তাৱিত সকল প্রশমনমূলক ব্যবস্থার প্রাক্কলিত ব্যয় সম্ভব হইলে প্রদান করিতে হইবে।</p> |

| ক্রমিক<br>নং | বিষয়   | বর্ণনা  |
|--------------|---|---|
| (১)          | (২)   | (৩)   |
| ৭।           | পরিবীক্ষণ কর্মসূচি<br>(Monitoring<br>Programme) | <p>পরিবীক্ষণ কর্মসূচির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে বিবরণ প্রদান করিতে হইবে:</p> <ul style="list-style-type: none"> <li>● প্রশমনমূলক ব্যবস্থা বাস্তবায়ন পরিবীক্ষণ: সুপারিশকৃত সকল প্রশমনমূলক ব্যবস্থার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার জন্য পরিবীক্ষণ পদ্ধতি নির্ধারণ করিতে হইবে। এই উদ্দেশ্যে নিম্নোক্ত তথ্য প্রদান করিতে হইবে :           <p>সুপারিশকৃত প্রশমনমূলক ব্যবস্থাসমূহ যে সঠিকভাবে বাস্তবায়ন করা হইয়াছে তাহা পরীক্ষা করার পদ্ধতি (Methodology);</p> <p>প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের লোকেশন এবং পরিবীক্ষণ সাইট নির্দেশক ম্যাপ এবং ছবি;</p> <p>প্রকল্প মেয়াদে সাইট পরিদর্শনের সংখ্যা উল্লেখপূর্বক সময়সূচি;</p> <p>প্রতিবেদন প্রেরণ এবং</p> <p>ফলাফল পর্যালোচনা/অডিটিং-এর পদ্ধতি এবং সময়সূচি</p> </li> <li>● প্রকল্পের পরিবেশগত প্রভাব পরিবীক্ষণ: পরিবীক্ষণ কর্মসূচির আওতায় নেতৃত্বাচক পরিবেশগত পরিবর্তন পর্যবেক্ষণ করিতে হইবে এবং এই লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত বিবরণ পরিবীক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করিতে হইবে :           <p>প্রধান পরিবেশগত ইস্যুর জন্য ইন্ডিকেটর পরিবেশগত মানমাত্রা এবং প্রকল্পে তাহাদের প্রয়োগ পরিবীক্ষণ পদ্ধতি, লোকেশন এবং সময়সূচি উদ্যোগস্থার দায়িত্ব (পরিবীক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল, বাজেট এবং পরামর্শ সেবার প্রয়োজনীয়তা) পরিবীক্ষণ রিপোর্টিং</p> </li> </ul> |

## পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন

| ক্রমক<br>নং | বিষয়   | বিবরণ   |
|-------------|---|---|
| (১)         | (২)   | (৩)   |
| ১।          | ভূমিকা (Introduction)   | <ul style="list-style-type: none"> <li>প্রতিবেদনের উদ্দেশ্য</li> </ul>  |
| ২।          | প্রকল্পের বিবরণ (Project Description)   | <ul style="list-style-type: none"> <li>লোকেশন, এরিয়া এবং প্রকল্পের উদ্দেশ্য</li> <li>প্রকল্পের লে-আউট এবং ডিজাইন</li> <li>প্রকল্পের বাস্তবায়ন পরিকল্পনা এবং সময়সূচি</li> <li>প্রকল্পের অন্যান্য প্রয়োজনীয় তথ্য</li> </ul>  |
| ৩।          | পরিবেশগত নীতিমালা (Environmental Policy)  | <ul style="list-style-type: none"> <li>পরিবেশগত ব্যবস্থাপনা এবং সংরক্ষণসংক্রান্ত কোম্পানির নীতি</li> </ul>  |
| ৪।          | পরিবেশগত প্রতিপালনীয় বিষয় (Environmental Compliance Requirements)                                 | <ul style="list-style-type: none"> <li>প্রতিপালনীয় আইনগত মানমাত্রা</li> <li>পরিবেশ অধিদপ্তর বা অন্য কোনো সংস্থা কর্তৃক প্রদত্ত পরিবেশগত শর্তসমূহ</li> <li>উদ্দেশ্য ও নির্ণয়কসমূহ যাহা পূরণ করা হইবে</li> <li>নীতিসমূহ যাহাতে অবিচল থাকা হইবে</li> <li>উন্নত চর্চাসমূহ যাহা প্রয়োগ করা হইবে</li> </ul>  |
| ৫।          | পরিবেশগত প্রভাব এবং প্রশমনের ব্যবস্থা (Environmental Impacts and Mitigation Measures)               | <ul style="list-style-type: none"> <li>প্রকল্প কার্যক্রমের বিস্তারিত তালিকা এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাব;</li> <li>গৃহীতব্য দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ;</li> <li>প্রাকৃতিক সম্পদ, প্রতিবেশগত ব্যবস্থা, সাইট, এলাকার বৈশিষ্ট্য কিংবা প্রজাতি সুরক্ষার জন্য গৃহীতব্য সংরক্ষণমূলক কার্যক্রম;</li> <li>সামাজিক এবং পাবলিক ইস্যু (সাংস্কৃতিক এবং ধর্মীয়) মোকাবিলা ব্যবস্থা</li> </ul>   |
| ৬।          | পরিবেশগত সার্ভেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং (Environmental Surveillance, Monitoring and Auditing) | <ul style="list-style-type: none"> <li>প্রস্তাবিত প্রশমন ব্যবস্থাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার লক্ষ্যে গৃহীতব্য সার্ভেইল্যান্স এবং পরিবীক্ষণ কর্মসূচি রূপরেখা;</li> <li>পরিবেশগত অবস্থা পরিবীক্ষণ করিবার জন্য যেসকল পদ্ধতি ও প্রণালি (Procedures and methods) গ্রহণ করা হইবে তাহার রূপরেখা;</li> <li>সার্ভেইল্যান্স ও পরিবীক্ষণ কর্ত সময় পরপর করা হইবে;</li> <li>পরিবেশ ছাড়পত্রের শর্তসমূহ প্রতিপালন যাচাই করিবার জন্য প্রস্তাবিত অডিট কর্মসূচি ডেটা সংগ্রহ এবং পরিবেশ অধিদপ্তরে দাখিলের জন্য প্রতিবেদন প্রণয়ন</li> </ul> |

| ক্রমকি<br>নং | বিষয়   | বিবরণ   |
|--------------|---|---|
| (১)          | (২)   | (৩)   |
| ৭।           | আকস্মিক পরিস্থিতি মোকাবিলা পরিকল্পনা (Contingency Planning)         | <ul style="list-style-type: none"> <li>● অস্বাভাবিক এবং জরুরি পরিস্থিতি (যেমন : উৎপাদন প্রক্রিয়ার যন্ত্রপাতি বিকল, আগুন, গ্যাস লিক, বিপজ্জনক পদার্থে বিচ্ছুরণ, দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি বিকল) মোকাবিলা করিবার পরিকল্পনা।</li> <li>● জরুরি পরিস্থিতি মোকাবিলায় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে, যথা :           <ul style="list-style-type: none"> <li>জরুরি পরিস্থিতিকালীন যেসকল সংস্থা/যাহার সহিত যোগযোগ করিতে হইবে এবং পরবর্তীকালে অবহিত করিতে হইবে</li> <li>সুরক্ষা ব্যবস্থা (কর্মরত স্টাফ ও সাধারণ জনগণের জন্য)</li> <li>জরুরি পরিস্থিতিকালীন যেসকল সংস্থা/যাহার সহিত যোগযোগ করিতে হইবে এবং পরবর্তীকালে অবহিত করিতে হইবে</li> <li>সুরক্ষাবিষয়ক সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষামূলক কার্যক্রম</li> </ul> </li> </ul> |
| ৮।           | সাংগঠনিক কাঠামো (Organizational Strucure)                           | <ul style="list-style-type: none"> <li>● প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো (ইএমপি বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট কাজের তত্ত্বাবধানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্টাফসহ)</li> <li>● ইএমপি বাস্তবায়নের কাজের সহিত সংশ্লিষ্ট স্টাফদের দায়িত্ব ও কর্মপ্রণালি (Responsibilities and work Procedure)</li> <li>● প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ এবং বহিঃসংস্থাকে (যেমন: পরিবেশ অধিদপ্তর) রিপোর্ট করিবার প্রক্রিয়া (Reporting hierarchy)</li> <li>● বাহিরের সংস্থা বা ব্যক্তির নিকটি হইতে সেবা প্রদানের প্রয়োজনীয়তা (যেমন : পরিবেশগত পরিবীক্ষণ-এর জন্য গবেষণাগার, স্লাজ পরিত্যজনের জন্য ঠিকাদার)</li> <li>● প্রশিক্ষণ কর্মসূচি</li> </ul>   |
| ৯।           | বাজেট এবং বাস্তবায়ন কর্মসূচি (Budget and Implementation Programme) | <ul style="list-style-type: none"> <li>● ইএমপি বাস্তবায়ন কর্মসূচি</li> <li>● নিম্নোক্ত খাতে বাজেট বরাদ্দ :           <ul style="list-style-type: none"> <li>০ প্রশমন ব্যবস্থাসমূহ বাস্তবায়ন</li> <li>০ মাডেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং</li> <li>০ প্রশিক্ষণ এবং ইমারজেন্সি রেস্পন্স</li> </ul> </li> </ul>   |

## তফসিল-১২

## শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধন

[বিধি ৩৩ দ্রষ্টব্য]

## (১) তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ অনুমোদন:

- (ক) শিল্প বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনের লক্ষ্যে উদ্যোগ্তাকে শিল্প তরল বর্জ্য পরিশোধনাগার (Industrial Effluent Treatment Plant), পয়ঃবর্জ্য পরিশোধনাগার (Sewerage Treatment Plant) এবং মিশ্র তরল বর্জ্য পরিশোধনাগার (Mixed Effluent Treatment Plant) নির্মাণ অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে ছাড়পত্রের আবেদনের সহিত বা স্বতন্ত্রভাবে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন দাখিল করিতে হইবে, যথা :
- (অ) তরল বর্জ্য পরিশোধনাগার এর অবস্থান নির্দেশিত ১:২০০ ক্ষেত্রে অঙ্কিত শিল্প বা প্রকল্প সাইটের লে-আউট প্ল্যান বা বিন্যাস নকশা। নকশার পরিমাপ মিটার ইউনিটে প্রদর্শন করিতে হইবে; এবং
- (আ) শিল্প বা প্রকল্প এলাকার সাইট প্ল্যান বা এলাকা নকশা যাহাতে নিম্নলিখিত তথ্যাদি থাকিবে, যথা :
- ১। প্রস্তাবিত ইটিপি হইতে তরল বর্জ্য নির্গমন স্থান পর্যন্ত নিষ্কাশন নালার পথ (Drainage route)।
  - ২। তরল বর্জ্য নির্গমন স্থান (Discharge Point) খাল বা অন্য কোনো নিষ্কাশন নালা হইলে উক্ত খাল বা নালা যে নদীতে পতিত হইয়াছে তাহার অবস্থান।
  - ৩। প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগার হইতে তরল বর্জ্য যে জলাশয়ে (নদী, খাল বা নিষ্কাশন নালা) নির্গমন করা হইবে সেই জলাশয়ে পূর্ব হইতে তরল বর্জ্য নির্গমন বা পানি উত্তোলন পয়েন্ট থাকিলে তাহাদের অবস্থান।
  - ৪। নকশার যথাযথ উত্তরদিক নির্দেশক চিহ্ন।
- (ই) তরল বর্জ্য পরিশোধনাগার এর লে-আউট প্ল্যান ও হাইড্রোলিক ফ্লো ডায়াগ্রাম (Hydrolic Flow Diagram)। হাইড্রোলিক ফ্লো ডায়াগ্রামে প্রসেস ইউনিটসমূহের ডাইমেনশন; প্রসেস ফ্লো পাথ; হাইড্রোলিক স্ট্রাকচার, চ্যানেল, পাইপলাইন, উইয়ার ও কন্ট্রোল ভালভসমূহের অবস্থান এবং এলিভেশন প্রদর্শন করিতে হইবে।
- (ঈ) প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগারের কারিগরি বিবরণ যাহাতে নিম্নলিখিত তথ্যাদি থাকিবে, যথা:
- ১। উৎপাদন প্রক্রিয়া এবং ইউটিলিটির জন্য পানির ব্যবহার (Water Consumption for Processing and Utilities) যেমন : সিঙ্গ প্রক্রিয়াকরণ, স্যানিটারি, পানি পরিশোধন, শীতলীকরণ, বাঞ্চ উৎপাদন এবং অধিনির্বাপণ;

২। উৎপাদন প্রক্রিয়া এবং ইউটিলিটি হইতে সৃষ্টি তরল বর্জ্যের পরিমাণ ও প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগারের পরিশোধন ক্ষমতা;

৩। সৃষ্টি তরল বর্জ্যের গুণগত মান এবং পরিশোধিত তরল বর্জ্যের গুণগত মান;

৪। ট্রিটেমেন্ট স্কিম (সাধারণ ফ্লো ডায়াগ্রাম);

৫। তরল বর্জ্য পরিশোধনাগারের পৃথক ইউনিটসমূহের ইঞ্জিনিয়ারিং নকশা, ডিজাইন প্যারামিটার ও ক্যালকুলেশন।

(উ) তরল বর্জ্য পরিশোধনাগারের নকশা ও ক্যালকুলেশন কারিগরি যোগ্যতাসম্পন্ন ব্যক্তি কর্তৃক প্রণীত ও স্বাক্ষরিত হইতে হইবে।

(খ) তফসিল-১ অনুসারে যে শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ করা হইবে সেই শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য গঠিত ছাড়পত্র কমিটি কর্তৃক তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণের অনুমোদন প্রদান করা হইবে।

(গ) অনুমোদিত নকশা অনুসারে উদ্যোগ্তা কর্তৃক তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সমীচীন প্রতীয়মান হইলে মহাপরিচালক তরল বর্জ্য পরিশোধনাগারের সংস্কার, পরিবর্তন, প্রতিস্থাপন অথবা অতিরিক্ত যন্ত্রপাতি স্থাপনের নির্দেশনা প্রদান করিতে পারিবেন এবং উদ্যোগ্তা উক্ত নির্দেশনা প্রতিপালন করিবেন।

## (২) তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালন:

(ক) উদ্যোগ্তা সঠিক ইঞ্জিনিয়ারিং চর্চার (Sound Engineering Practice) মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিয়া তরল বর্জ্য পরিশোধন করিবেন এবং তরল বর্জ্য পরিশোধনাগারের সকল যন্ত্রপাতি সুষ্ঠুভাবে কাজ করিবার বিষয়টি নিশ্চিত করিবেন।

(খ) তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালনার জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগ করিতে হইবে।

(গ) জনবল কাঠামো ও যোগ্যতা অধিদপ্তর অনুমোদন করিবে।

## (৩) তরল বর্জ্যের নির্গমন পরিবীক্ষণ :

(ক) শিল্প বা প্রকল্প হইতে সৃষ্টি তরল বর্জ্য ভূগঠে বা অভ্যন্তরীণ জলাশয়ে নির্গমন করা হইলে, উক্ত শিল্প বা প্রকল্পের উদ্যোগ্তাকে নিজ খরচে—

(অ) ছাড়পত্রের শর্তে উল্লিখিত তরল বর্জ্যের প্যারামিটারসমূহ মনিটর করিতে হইবে;

(আ) ফ্লো মিটার, নমুনা সংগ্রহ, পরিবীক্ষণ এবং এতৎসংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করিতে হইবে;

- (খ) উদ্যোক্তা নির্গত তরল বর্জ্যের পরিবীক্ষণ তথ্য যথাযথভাবে সংরক্ষণ করিবেন এবং অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে তাহা প্রদর্শন করিবেন;
- (গ) অধিদপ্তর তরল বর্জ্যের নমুনা সংগ্রহ পদ্ধতি ও নির্গমন পরিবীক্ষণ পদ্ধতি নির্ধারণ করিবে; এবং
- (ঘ) উদ্যোক্তা নির্গত তরল বর্জ্যের পরিবীক্ষণ তথ্য ছাড়পত্রে প্রদত্ত শর্তানুসারে অধিদপ্তরে দাখিল করিবেন।
- (৪) তরল বর্জ্যের নির্গমন মানমাত্রা: বিধি ৩২ এ উল্লিখিত তরল বর্জ্য নির্গমন সংক্রান্ত সংশ্লিষ্ট তফসিলে বর্ণিত তরল বর্জ্যের বিভিন্ন প্যারামিটারের নির্ধারিত উপস্থিতির সীমা অতিক্রম করিয়া তরল বর্জ্য নির্গমন করা যাইবে না।
- (৫) তরল বর্জ্য বিশ্লেষণ পদ্ধতি:
- (ক) অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্যের ইন-সিটু (in-situ) বা এক্স-সিটু (ex-situ) বিশ্লেষণ করিতে পারিবেন;
- (খ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য American Public Health Association, American Water Works Association এবং Water Environment Federation কর্তৃক যৌথভাবে প্রকাশিত ‘Standard Methods for the Examination of Water and Wastewater’-এ বর্ণিত পদ্ধতিতে বিশ্লেষণ করিতে হইবে।
- (গ) ক্রমিক নং (৩)-এর (ক) ও (খ)-এ উল্লিখিত তরল বর্জ্যের বিশ্লেষণ গ্র্যাব নমুনা সংগ্রহের (Grab Sampling) মাধ্যমে সম্পন্ন করিতে হইবে। ‘গ্র্যাব নমুনা’ অর্থ ১৫ (পনেরো) মিনিটের কম সময় ব্যাপী সংগৃহীত একক নমুনা (Individual Sampling)।
- (৬) তরল বর্জ্য নির্গমন পয়েন্ট:
- (ক) অধিদপ্তর কর্তৃক অনুমোদিত তরল বর্জ্য পরিশোধনাগারের নকশায় প্রদর্শিত নির্গমন পয়েন্টের (Discharge Point) মাধ্যমে শিল্প বা প্রকল্পের তরল বর্জ্য নির্গমন করিতে হইবে।
- (খ) অধিদপ্তরের অনুমোদনক্রমে দফা (ক)-এ উল্লিখিত তরল বর্জ্যের নির্গমনস্থল পরিবর্তন করা যাইতে পারে।
- (৭) অননুমোদিত তরল বর্জ্য নির্গমন (Effluent discharge through by-pass) : তরল বর্জ্য পরিশোধনাগারকে পাশ কাটাইয়া শিল্প বা প্রকল্প হইতে সৃষ্ট তরল বর্জ্য অননুমোদিত ভূপৃষ্ঠে, ভূগর্ভে বা জলাশয়ে কিংবা জলাভূমিতে নির্গমন করা যাইবে না।
- (৮) তরল বর্জ্য লঘুকরণ (Dilution of effluent) : কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অপরিশোধিত বা পরিশোধিত তরল বর্জ্য উৎপাদনের সময় কিংবা উৎপাদন পরবর্তী সময়ে লঘু করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের আবেদনক্রমে এবং অধিদপ্তর যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে উপযুক্ত শর্তসাপেক্ষে তিনি শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য লঘুকরণের অনুমতি প্রদান করিতে পারিবেন।

- (৯) **তরল বর্জ্যের পরিমাণ বা গুণগত মান পরিবর্তন :** অধিদপ্তরের পূর্ব অনুমোদন ব্যতিরেকে শিল্প বা প্রকল্প হইতে পরিবেশে নির্গত তরল বর্জ্যের পরিমাণ বা তরল বর্জ্যের উপাদানের পরিবর্তন করা যাইবে না।
- (১০) **স্লাজ পরিত্যাজন (Sludge disposal) :** কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পে উৎপাদিত, উৎপাদন প্রক্রিয়া, তরল বর্জ্য পরিশোধনাগার, পানি পরিশোধন ব্যবস্থা বা অন্য কোনোভাবে সৃষ্ট স্লাজ 'Bangladesh Standards and Guidelines for Sludge Management'-এ বর্ণিত পদ্ধতিতে পরিত্যাজন করিতে হইবে।

**তফসিল-১৩**  
**পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞের তালিকাভুক্তি**  
**[বিধি ৩৭ এর উপ-বিধি (৩) ও (৭) দ্রষ্টব্য]**

‘ক’ অংশ:

- (১) কোনো ব্যক্তি, সরকারি বা বেসরকারি সংস্থা, স্বত্ত্বাধিকারী ফার্ম, কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তির জন্য নিয়ন্ত্রিত তিনটি শ্রেণিতে বিবেচনা করা হইবে, যথা:—
  - (অ) পরিবেশ পরামর্শক (ব্যক্তি);
  - (আ) পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান); এবং
  - (ই) বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ।
- (২) পরিবেশ পরামর্শ বা বিশেষজ্ঞের যোগ্যতা ও অভিজ্ঞতা:

| ক্রমিক নং | শ্রেণি                    | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা                             | অভিজ্ঞতা  |
|-----------|---------------------------|--|---|
| (১)       | (২)                       | (৩)  | (৪)   |
| ১।        | পরিবেশ পরামর্শক (ব্যক্তি) | বিজ্ঞান বা প্রকৌশলের যে কোনো বিষয়ে মাতকোত্তর ডিগ্রি | ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার অভিজ্ঞতা এবং পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার সহিত সম্পৃক্ততা থাকিতে হইবে। |
| ২।        | বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ     | সংশ্লিষ্ট বিষয়ে মাতকোত্তর ডিগ্রি                    | পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার ক্ষেত্রসমূহের এক বা একাধিক বিষয়ে কাজের ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।             |

- (৩) প্রযোজ্যতা অনুযায়ী পরিবেশ পরামর্শক প্রতিষ্ঠানের তালিকাভুক্তির বিবেচ্য বিষয়সমূহ:
  - (ক) একটি স্থায়ী কার্যালয়, নিবন্ধন, টিআইএন নম্বর এবং ব্যাংক হিসাব;
  - (খ) ন্যূনতম ১ (এক) জন নিয়মিত বেতনভুক্ত পরিবেশ পরামর্শক যিনি পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত; এবং
  - (গ) প্রতিষ্ঠানের সহিত চুক্তিবদ্ধ ন্যূনতম ৩ (তিনি) জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ যাহারা পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত।
- (৪) পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার ক্ষেত্রসমূহ: প্রতিবেশ ও জীববৈচিত্র্য, বায়ুমান, ভূমি ব্যবহার পরিকল্পনা, পানির গুণগতমান, বর্জ্য ব্যবস্থাপনা, সাধারণ পরিবেশ ব্যবস্থাপনা, ভূ-তত্ত্ব ও মৃত্তিকা, মাইনিং, শব্দ ও ভাইঁশেন, ভূগর্ভস্থ পানি ও হাইড্রোলজি, সামাজিক প্রভাব নিরূপণ, ঝুঁকি ব্যবস্থাপনা (risk management), স্বাস্থ্যগত প্রভাব নিরূপণ, ইত্যাদি।

‘খ’ অংশ:

তালিকাভুক্তির ফি:

| ক্রমিক<br>নং | শ্রেণি                       | আবেদন ফি<br>(টাকা) | তালিকাভুক্তিকরণ<br>(টাকা) | তালিকাভুক্তিকরণ<br>নবায়ন ফি (টাকা) |
|--------------|------------------------------|--------------------|---------------------------|-------------------------------------|
| (১)          | (২)                          | (৩)                | (৪)                       | (৫)                                 |
| ১।           | পরিবেশ পরামর্শক (ব্যক্তি)    | ৫০০                | ৫,০০০                     | ২,০০০                               |
| ২।           | পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান) | ১,০০০              | ১০,০০০                    | ৫,০০০                               |
| ৩।           | বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ        | ৫০০                | ৫,০০০                     | ২,০০০                               |

- (ক) সকল প্রকার ফি ট্রেজারি চালানের মাধ্যমে অথবা সরকার অনুমোদিত অন্য কোনো মাধ্যমে বা ইলেক্ট্রনিক মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে;
- (খ) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞকে তালিকাভুক্তির আবেদনপত্রের সহিত আবেদন ফি (অফেরতযোগ্য) জমা দিতে হইবে; এবং
- (গ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে পরামর্শক হিসাবে তালিকাভুক্তির জন্য নির্বাচিত হইবার পত্র পাওয়া সাপেক্ষে তালিকাভুক্তির ফি জমা প্রদান করিতে হইবে।

**তফসিল-১৪**  
**শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণয়ক**  
**[বিধি ৫ এর উপ-বিধি (২) এর শর্তাংশ দ্রষ্টব্য]**

| ক্রমিক<br>নং | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্টি দুষ্করের<br>প্রকৃতি            |  |  | শিল্প<br>প্রতিষ্ঠান<br>বা<br>প্রকল্পের<br>শ্রেণিবিভাগ | মন্তব্য  |
|--------------|---|--|--|---|--|
|              | তরল বর্জ্য  | গ্যাসীয় নিঃসরণ  | কঠিন বর্জ্য  |   |  |
| (১)          | (২)   | (৩)  | (৪)  | (৫)   | (৬)  |
| ১।           | (ক) তরল বর্জ্যের<br>সিওডি $> 1500$<br>মি.গ্রা./লি. এবং<br>(খ) টক্সিক                | (ক) উৎপাদন<br>প্রক্রিয়ায় বস্তুকণা<br>সৃষ্টি হয় যাহা<br>নিয়ন্ত্রণের জন্য<br>ইএসপি, ব্যাগ<br>ফিল্টার, স্ফাবার,<br>ইত্যাদি প্রযুক্তির<br>প্রয়োজন হয়;<br>এবং<br>(খ) গ্যাসীয়<br>নিঃসরণে<br>বিপজ্জনক<br>পদার্থের উপস্থিতি                   | (ক) বিপজ্জনক কঠিন<br>বর্জ্য যাহা<br>পরিত্যাজনের জন্য<br>প্রক্রিয়াকরণ<br>(Treatment) বা<br>ইনসিনারেশনের<br>প্রয়োজন।   | লাল   | (ক) শিল্প প্রতিষ্ঠান বা<br>প্রকল্পের তরল বর্জ্য কিংবা<br>গ্যাসীয় নিঃসরণ কিংবা<br>কঠিন বর্জ্যের প্রকৃতি<br>ক্রমিক নং ১ এ উল্লিখিত<br>ধরণের হইলে তাহা লাল<br>শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণয়ক অনুসারে<br>কমলা শ্রেণিভুক্ত শিল্প<br>প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প<br>ও গৃহস্থালীর তরল বর্জ্যের<br>মোট পরিমাণ দৈনিক ১০০<br>ঘন মিটারের বেশী হইলে<br>তাহা লাল শ্রেণিভুক্ত<br>হইবে।   |
| ২।           | (ক) তরলবর্জ্যের<br>সি�ডি $> 700 -$<br>$< 1500$<br>মি.গ্রা./লি. এবং<br>(খ) নন-টক্সিক | (ক) উৎপাদন<br>প্রক্রিয়ায় বস্তুকণা<br>সৃষ্টি হয় যা<br>উপযুক্ত প্রযুক্তির<br>সাহায্যে<br>নিয়ন্ত্রণযোগ্য;<br>এবং<br>(খ) গ্যাসীয়<br>নিঃসরণে<br>নাইট্রোজেনের<br>অক্সাইডসমূহ,<br>কার্বন<br>মনোঅক্সাইড,<br>কার্বন<br>ডাইঅক্সাইডের<br>উপস্থিতি। | (খ) বিপজ্জনক কঠিন<br>বর্জ্য যাহা<br>পরিত্যাজনের জন্য<br>প্রক্রিয়াকরণ বা<br>ইনসিনারেশনের<br>প্রয়োজন হয় না,<br>যেমন: স্ল্যাগ, ফ্ল্যাই<br>এ্যাশ, খনির<br>পরিত্যাক্ত বস্তু। | কমলা  | (ক) শিল্প প্রতিষ্ঠান বা<br>প্রকল্পের তরল বর্জ্য কিংবা<br>গ্যাসীয় নিঃসরণ কিংবা<br>কঠিন বর্জ্যের প্রকৃতি<br>ক্রমিক নং ২ এ উল্লিখিত<br>ধরণের হইলে তাহা কমলা<br>শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণয়ক অনুসারে<br>হলুদ শ্রেণিভুক্ত শিল্প<br>প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প<br>ও গৃহস্থালীর তরল বর্জ্যের<br>মোট পরিমাণ দৈনিক ১০০<br>ঘন মিটারের বেশী হইলে<br>তাহা কমলা শ্রেণিভুক্ত<br>হইবে। |

| ক্রমিক<br>নং | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্টি দুষ্করের<br>প্রকৃতি |   |   | শিল্প<br>প্রতিষ্ঠান<br>বা<br>প্রকল্পের<br>শ্রেণিবিভাগ | মন্তব্য  |
|--------------|--|---|---|---|--|
|              | তরল বর্জ্য   | গ্যাসীয় নিঃসরণ   | কঠিন বর্জ্য   |   |  |
| (১)          | (২)  | (৩)   | (৪)   | (৫)   | (৬)  |
| ৩।           | (ক) তরল বর্জ্যের সিওডি $\geq 700$ মি.গ্রা./লি. এবং (খ) নন-টক্সিক         | (ক) উৎপাদন প্রক্রিয়ায় বস্তুকণা সৃষ্টি হয়; এবং (খ) সহজ উপায়ে সৃষ্টি বস্তুকণা দূরীকরণ সম্ভব।  | (ক) অবিপজ্জনক কঠিন বর্জ্য;<br>(খ) পচনশীল জৈব বর্জ্য; এবং<br>(গ) সহজে পুণচক্রায়নযোগ্য কঠিন বর্জ্য | হলুদ  | (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং ৩ এ উল্লিখিত ধরণের ইইলে তাহা হলুদ শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণয়ক অনুসারে সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প ও গৃহস্থালীর তরল বর্জ্যের মোট পরিমাণ দৈনিক ১০ ঘন মিটারের বেশী ইইলে তাহা হলুদ শ্রেণিভুক্ত হইবে।<br>(গ) নির্ণয়ক অনুসারে সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প ও গৃহস্থালীর তরল বর্জ্যের মোট পরিমাণ দৈনিক ১০ ঘন মিটারের বেশী ইইলে তাহা হলুদ শ্রেণিভুক্ত হইবে। |
| ৪।           | (ক) তরল বর্জ্যের সিওডি $<400$ মি.গ্রা./লি.                               | (ক) ফিউজিটিভ ডাস্ট সৃষ্টি হয়;<br>(খ) জালানি দহনের কারণে বা রাসায়নিক দ্রব্য প্রক্রিয়াকরণের কারণে বস্তুকণা সৃষ্টি হয় না; এবং<br>(গ) সহজ উপায়ে সৃষ্টি বস্তুকণা দূরীকরণ সম্ভব। | (ক) পচনশীল কঠিন বর্জ্য; এবং<br>(খ) মোড়কজাতীয় কঠিন বর্জ্য।                                       | সবুজ  | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং এ উল্লিখিত ধরণের ইইলে তাহা সবুজ শ্রেণিভুক্ত হইবে।   |

**ব্যাখ্যা :—**

- ১। টক্সিক অর্থে তরল বর্জ্যে এমন দুষ্করের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার নির্গমন মানমাত্রা  $<10$  মি.গ্রা./লি., যেমন: টোটাল রেসিডিওয়াল ক্লোরিন, ক্লোরাইড, সালফাইড, মুক্ত অ্যামোনিয়া, আর্সেনিক, মারকারি, লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, সায়ানাইড, ফেনলিক যৌগ, ইত্যাদি; এবং

- ২। নন-টক্সিক অর্থে তরল বর্জে এমন দৃষ্টকের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার নির্গমন মানমাত্রা ১০-৫০ মি.গ্রা./লি., যেমন: অ্যামোনিয়াকেল নাইট্রোজেন, সার্বিক নাইট্রোজেন, তৈল ও গ্রিজ।
- ৩। অধিকন্তু নন-টক্সিক অর্থে তরল বর্জে এমন দৃষ্টকের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার সর্বোচ্চ নির্গমন মানমাত্রা >৫০ মি.গ্রা./লি., যেমন: সার্বিক জেলডাল নাইট্রোজেন, প্লাষ্টিক বস্তুকণা, ক্লোরাইড।
- ৪। গ্যাসীয় নিঃসরণে বিপজ্জনক পদার্থ: ডাইঅক্সিন, ফিউরান, লেড, মার্কারি, ক্যাডমিয়াম, নিকেল, ভ্যানাডিয়াম, বালাইনাশক, এসবেস্টস, অ্যামোনিয়া, হাইড্রোকার্বন, ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড বাষ্প, মিথাইল ক্লোরাইড, ক্লোরিন, হাইড্রোজেন ক্লোরাইড, হাইড্রোজেন সালফাইড, সালফার ডাইঅক্সাইড, সালফিউরিক এসিড কুয়াশা, ফসফরাস পেট্রোআক্সাইড, ফসফরিক এসিড, ইত্যাদি।

**নোট:** তফসিল-১৪ অনুযায়ী নির্ধারিত কমলা শ্রেণির শিল্প বা প্রকল্পের অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র অনুমোদনের কার্যালয় মহাপরিচালক নির্ধারণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফারহিনা আহমেদ**  
সচিব।